কম্পিটেন্সি বেজড লার্নিং ম্যাটেরিয়ালস (সিবিএলএম)

# মেকআপ আর্ট

লেভেল - ০২

## মডিউল শিরোনামঃ মেকআপ সম্পাদন করণ

## Module: Perform Makeup

**মডিউল কোড: CBLM- OU-IS-BEAU-05-L2-V1**

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ
প্রধান উপদেষ্টার কার্যালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## কপিরাইট

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ,
প্রধান উপদেষ্টার কার্যালয় ।
১১-১২ তলা, বিনিয়োগ ভবন
ই-৬/বি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
ইমেইল: ec@nsda.gov.bd
ওয়েবসাইট: www.nsda.gov.bd
ন্যাশনাল স্কিলস পোর্টাল: http:\\skillsportal.gov.bd

এই কম্পিটেন্সি বেজড লার্নিং ম্যাটেরিয়ালটির (সিবিএলএম) স্বত্ব জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) এর নিকট সংরক্ষিত। এনএসডিএ-এর যথাযথ অনুমোদন ব্যতীত অন্য কেউ বা অন্য কোন পক্ষ এ সিবিএলএমটির কোন রকম পরিবর্তন বা পরিমার্জন করতে পারবে না।

"**মেকআপ সম্পাদন করণ**" সিবিএলএমটি এনএসডিএ কর্তৃক অনুমোদিত মেকআপ আর্ট লেভেল-২ অকুপেশনের কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড ও কারিকুলামের ভিত্তিতে প্রণয়ন করা হয়েছে। এতে মেকআপ আর্ট লেভেল-২ স্ট্যান্ডার্ডটি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় তথ্য সন্নিবেশিত হয়েছেই

ইনস্ট্রাকশনাল এক্টিভিটি তৈরি করার ক্ষেত্রে সিবিএলএম ডেভেলপার/শিক্ষক/প্রশিক্ষক/এসেসর এ সিবিএলএমটিকে মূল রেফারেন্স পয়েন্ট হিসাবে ব্যবহার করবে। এটি প্রশিক্ষার্থী, প্রশিক্ষকদের জন্য গুরুত্বপূর্ণ সহায়ক ডকুমেন্ট।

এ ডকুমেন্টটি সংশ্লিষ্ট বিশেষজ্ঞ প্রশিক্ষক/পেশাজীবীর দ্বরা এনএসডিএ কর্তৃক প্রণয়ন করা হয়েছে।

এনএসডিএ স্বীকৃত দেশের সকল সরকারি-বেসরকারি-এনজিও প্রশিক্ষণ প্রতিষ্ঠানে মেকআপ আর্ট লেভেল-২কোর্সের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য এ সিবিএলএমটি ব্যবহার করতে পারবে।

----------------------- তারিখে অনুষ্ঠিত ------------কর্তৃপক্ষ সভায় অনুমোদিত।

## সক্ষমতাভিত্তিক শিখন উপকরণ ব্যবহার নির্দেশিকা

এই মডিউলে প্রশিক্ষণ উপকরণ ও প্রশিক্ষণ কার্যক্রম সম্পর্কে বলা হয়েছে। এই কার্যক্রমগুলো প্রশিক্ষণার্থীকে সম্পন্ন করতে হবে। এই মডিউল সফলভাবে শেষ করলে আপনি মেকআপ শিল্পের ইতিহাস সঠিকভাবে ব্যাখ্যা করতে পারবেন। এই মডিউলে মেকআপের ইতিহাস ব্যাখ্যা করতে পারা, মেকআপের কর্মকান্ড ব্যাখ্যা করতে পারা এবং মেকআপ কাজের সুযোগ ব্যাখ্যা করতে পারার দক্ষতাসমূহ রয়েছে। বিষয়টি ব্যাখ্যা করার দক্ষতাসমূহ অন্তর্ভুক্ত করা হয়েছে। একজন দক্ষ মেকআপ আর্টিস্ট এর জন্য যে প্রয়োজনীয় জ্ঞান ও ইতিবাচক মনোভাব প্রয়োজন তা এই মডিউলে অন্তর্ভুক্ত রয়েছে।

এই মডিউলে বর্ণিত শিখনফল অর্জনের জন্য আপনাকে ধারাবাহিকভাবে শিক্ষা কার্যক্রম সম্পন্ন করতে হবে। এইসব কার্যক্রম একটি নির্দিষ্ট শ্রেণীকক্ষে বা অন্যত্র সম্পন্ন করা যেতে পারে। বর্ণিত শিখনফল তথা জ্ঞান ও দক্ষতা অর্জনের জন্য এসব কার্যক্রমের পাশাপাশি সংশিষ্ট অনুশীলন ও সম্পন্ন করতে হবে।

শিখন কার্যক্রমের ধারা জানার জন্য "শিখন কার্যক্রম" অংশটি অনুসরণ করুন। ধারাবাহিকভাবে জানার জন্য সূচিপত্র, তথ্যপত্র, কার্যক্রম পত্র, শিখন কার্যক্রম, শিখনফল এবং উত্তরপত্রে পৃষ্ঠা নম্বর ব্যবহার করা হয়েছে। নির্দিষ্ট পাঠের সাথে সঠিক সহায়ক উপাদান সম্পর্কে জানার জন্যে শিখন কার্যক্রম অংশটি দেখতে হবে। এই শিখন কার্যক্রম অংশ আপনার সক্ষমতা অর্জন অনুশীলনের রোডম্যাপ হিসাবে কাজ করে।

তথ্যপত্রটি পড়ুন। এতে কার্যক্রম সম্পর্কে সঠিক ধারণা এবং সুনির্দিষ্টভাবে কাজ করার ধারণা পাওয়া যাবে। 'তথ্যপত্রটি' পড়া শেষ করে 'সেলফ চেক শীট' এ উল্লেখিত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। শিখন গাইডের তথ্যপত্রটি অনুসরণ করে 'সেলফ চেক শিট' সমাপ্ত করুন। 'সেলফ চেক' শীটে দেয়া প্রশ্নগুলোর উত্তর সঠিক হয়েছে কি না তা জানার জন্য 'উত্তর পত্র' দেখুন।

জব শীটে নির্দেশিত ধাপ অনুসরণ করে যাবতীয় কার্য সম্পাদন করুন। এখানেই আপনি নতুন সক্ষমতা অর্জনের পথে আপনার নতুন জ্ঞান কাজে লাগাতে পারবেন।

এই মডিউল অনুযায়ী কাজ করার সময় নিরাপত্তা বিষয়টি সম্পর্কে সচেতন থাকবেন। কোনো প্রশ্ন থাকলে ফ্যাসিলিটেটরকে প্রশ্ন করতে সংকোচ করবেন না।

এই শিখন গাইডে নির্দেশিত সকল কাজ শেষ করার পর অর্জিত সক্ষমতা মূল্যায়ন করে নিশ্চিত হবেন যে, আপনি পরবর্তী মূল্যায়নের জন্য কতটুকু উপযুক্ত। প্রয়োজনীয় সব সক্ষমতা অর্জন হয়েছে কিনা তা জানার জন্য মডিউলের শেষে সক্ষমতা মান এর একটি চেকলিস্ট দেওয়া হয়েছে। এই তথ্যটি কেবলমাত্র আপনার নিজের জন্য।

# সূচিপত্র


**কপিরাইট** ........ ii

**সক্ষমতাভিত্তিক শিখন উপকরণ ব্যবহার নির্দেশিকা** ........ vi

**মডিউল কন্টেন্ট** ........ ১

**শিখনফল (Learning Outcome) ১: মেকআপ সম্পাদনের প্রস্তুতি নিতে পারবে।** ........ ২

**শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -১ : মেকআপ সম্পাদনের প্রস্তুতি** ........ ৪

**ইনফরমেশন শিট (Information Sheet) ২ : মেকআপ সম্পাদনের প্রস্তুতি** ........ ৫

**সেলফ চেক (Self Check Sheet) ১ : মেকআপ সম্পাদনের প্রস্তুতি** ........ ১৩

**উত্তরপত্র (Answer Key) ১: মেকআপ সম্পাদনের প্রস্তুতি** ........ ১৪

টাস্ক শিট (Task Sheet) ১: মেকআপ সম্পাদনের প্রয়োজনীয় সরঞ্জাম সংগ্রহ করুন এবং পরিষ্কার ও সজ্জিত করুন। ১৫

**শিখনফল (Learning Outcome) ২: ক্লায়েন্টকে প্রস্তুত করতে পারবে** ........ ১৬

**শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -২ : ক্লায়েন্ট প্রস্তুত করা।** ........ ১৭

**ইনফরমেশন শিট (Information Sheet) ২ : ক্লায়েন্ট প্রস্তত করা** ........ ১৮

**সেলফ চেক (Self Check Sheet) ২ : ক্লায়েন্ট প্রস্তত করা ।** ........ ২১

**উত্তরপত্র (Answer Key) ২ : ক্লায়েন্ট প্রস্তত করা ।** ........ ২২

টাস্ক শিট (Task Sheet) ২: মেকআপ করার জন্য ক্লায়েন্ট এর বাক্তিগত অ্যাক্সেসরিজ অপসারণ করা ........ ২৩

**শিখনফল (Learning Outcome) ৩: মেকআপ সম্পাদন করতে পারবে** ........ ২৪

**শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -৩ : মেকআপ সম্পাদন করা।** ........ ২৬

**ইনফরমেশন শিট (Information Sheet) ৩ : মেকআপ সম্পাদন করা।** ........ ২৭

**সেলফ চেক (Self Check Sheet) ৩: মেকআপ সম্পাদন করা।** ........ ৩৫

**উত্তরপত্র (Answer Key)- ৩: মেকআপ সম্পাদন করা।** ........ ৩৬

জব শিট (Job Sheet) ৩: অয়েলি স্কিনে ইভনিং মেকআপ করা ........ ৩৭

স্পেশিফিকেশন শিট (Specification Sheet) ৩: মেকআপ সম্পাদন করা । ........ ৩৮

**শিখনফল (Learning Outcome) ৪: ক্লায়েন্ট ও কর্মক্ষেত্র পরিষ্কার করা।** ........ ৩৯

**শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -৪ : ক্লায়েন্ট ও কর্মক্ষেত্র পরিষ্কার করা।** ........ ৪০

**ইনফরমেশন শিট (Information Sheet) ৪ : ক্লায়েন্ট ও কর্মক্ষেত্র পরিষ্কার করা।** ........ ৪১

সেলফ চেক শিট (Self-Check Sheet)-৪.১: ক্লায়েন্ট ও কর্মক্ষেত্র পরিষ্কার করা। ........ ৪৪

উত্তর পত্র (Answer Key)- ৪.১: ক্লায়েন্ট ও কর্মক্ষেত্র পরিষ্কার করা। ........ ৪৫

টাস্ক শিট (Task Sheet) ৪: মেকআপ সম্পাদন করার পর যন্ত্রপাতি ও উপকরণ পরিষ্কার ও জীবাণুমুক্ত করা ........ ৪৬

**দক্ষতা পর্যালোচনা (Review of Competency)** ........ ৪৭

**রেফারেন্স** ........ ৪৮

**সিবিএলএম প্রনয়ন** ........ ৪৯

## মডিউল কন্টেন্ট

| | |
|---|---|
| **ইউ ও সি শিরোনাম** | **মেকআপ সম্পাদন কর (Perform Makeup)** |
| **ইউ ও সি কোড** | **OU-IS-BEAU-05-L2-V1** |
| **মডিউল শিরোনাম** | **মেকআপ সম্পাদন করণ** |
| **মডিউলের বর্ণনা** | এই মডিউলটিতে মেকআপ সম্পাদনের জন্য প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা এবং মনোভাবগুলি সংযুক্ত হয়েছে।<br>এর মধ্যে বিশেষত মেকআপ সম্পাদনের প্রস্তুতি নেওয়া, ক্লায়েন্টকে প্রস্তুত করা, মেকআপ সম্পাদন করা, এবং ক্লায়েন্টের ও কর্মক্ষেত্রের পরিচ্ছন্নতা নিশ্চিত করা অন্তর্ভুক্ত রয়েছে। |
| **নমিনাল সময়** | ৭০ ঘন্টা |
| **শিখনফল** | **এই মডিউলটি সম্পন্ন করার পর প্রশিক্ষার্থীরা নিম্ন বর্ণিত কাজ গুলো করতে পারবেন।**<br>১. মেকআপ সম্পাদনের প্রস্তুতি নিতে পারবে<br>২. ক্লায়েন্টকে প্রস্তুত করতে পারবে<br>৩. মেকআপ সম্পাদন করতে পারবে<br>৪. ক্লায়েন্টের ও কর্মক্ষেত্রের পরিচ্ছন্নতা নিশ্চিত করতে পারবে |

**অ্যাসেসমেন্ট ক্রাইটেরিয়া: (Assessment Criteria)**

১. ওএসএইচ অনুসরণ করতে সক্ষম হয়েছে এবং ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম (পিপিই) ব্যবহার করতে সক্ষম হয়েছে ।
২. টুলস এবং ইকুইপমেন্ট সংগ্রহ এবং স্যানিটাইজ করতে সক্ষম হয়েছে।
৩. উপকরণ সনাক্ত এবং সাজাতে সক্ষম হয়েছে।
৪. ব্যক্তিগত আনুষাঙ্গিক অপসারণ করতে সক্ষম হয়েছে।
৫. নির্দিষ্ট মেকওভার প্রয়োজনীয়তার বিষয়ে ক্লায়েন্টের সাথে পরামর্শ করতে সক্ষম হয়েছে।
৬. ক্লায়েন্টকে একটি আরামদায়ক অবস্থানে বসাতে সক্ষম হয়েছে।
৭. প্রতিরক্ষামূলক পোশাক সরবরাহ এবং ব্যবহার করতে সক্ষম হয়েছে।
৮. মুখের আকৃতি এবং ত্বকের ধরণ এবং ক্লায়েন্টের ত্বকের টোন বিশ্লেষণ এবং মেকআপের ধরণ নির্বাচন করতে সক্ষম হয়েছে।
৯. গ্রহণযোগ্য পদ্ধতি অনুযায়ী মেকআপ প্রয়োগ করতে সক্ষম হয়েছে।
১০. ফিনিশিং টাচ প্রয়োগের আগে মেকআপের রেজাল্ট পরীক্ষা করতে সক্ষম হয়েছে।
১১. ফিক্সিং স্প্রে/মেকআপ সেটিং স্প্রে দিয়ে মুখ ঠিক করতে সক্ষম হয়েছে।
১২. ক্লায়েন্টকে রিটাচ এবং মেকআপ অপসারণে উপযুক্ত পণ্য এবং পদ্ধতি সম্পর্কে পরামর্শ দিতে সক্ষম হয়েছে।
১৩. এপ্রোন অপসারণ করতে সক্ষম হয়েছে এবং অবাঞ্ছিত অংশগুলি অপসারণ করতে ব্রাশ/টিস্যু ব্যবহার করতে সক্ষম হয়েছে।
১৪. ব্যক্তিগত আনুষাঙ্গিক ফেরত দিতে সক্ষম হয়েছে।
১৫. টুলস এবং ইকুইপমেন্ট পরিষ্কার এবং স্যানিটাইজ করতে সক্ষম হয়েছে।
১৬. কর্মক্ষেত্র পরিষ্কার করতে সক্ষম হয়েছে।
১৭. বর্জ্য পদার্থ কর্মক্ষেত্রের মান অনুযায়ী নিষ্পত্তি করতে সক্ষম হয়েছে।

## শিখনফল (Learning Outcome) ১: মেকআপ সম্পাদনের প্রস্তুতি নিতে পারবে।

| | |
|---|---|
| অ্যাসেসমেন্ট মানদন্ড | ১. ওএসএইচ অনুসরণ করতে এবং ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম (পিপিই) ব্যবহার করতে সক্ষম হয়েছে<br>২. টুলস এবং ইকুইপমেন্ট সংগ্রহ এবং স্যানিটাইজ করতে সক্ষম হয়েছে<br>৩. উপকরণ সনাক্ত এবং গোছাতে সক্ষম হয়েছে |
| শর্ত ও রিসোর্স | ১. প্রকৃত কর্মক্ষেত্রে অথবা প্রশিক্ষণ পরিবেশ<br>২. সিবিএলএম<br>৩. হ্যান্ডআউটস<br>৪. ল্যাপটপ<br>৫. মাল্টিমিডিয়া প্রজেক্টর<br>৬. কাগজ, কলম, পেন্সিল, ইরেজার<br>৭. ইন্টারনেট সুবিধা<br>৮. হোয়াইট বোর্ড ও মার্কার<br>৯. অডিও ভিডিও ভিভাইস |
| বিষয়বস্তু | ১. ওএসএইচ অনুসরণ এবং ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম (পিপিই) ব্যবহার<br>২. টুলস এবং ইকুইপমেন্ট সংগ্রহ এবং স্যানিটাইজ করা<br>▪ শার্পনার<br>▪ আইল্যাশ কার্লার<br>▪ ব্রাশ সেট<br>▪ বিউটি ব্লেন্ডার/পাফ<br>▪ এয়ার ব্রাশ<br>৩. উপকরণ সনাক্ত এবং গোছানো<br>▪ মেকআপ<br>▪ বেইজ<br>– লিকুইড বেইজ/ফাউন্ডেশন<br>– প্যানকেক<br>▪ কন্সিলার<br>▪ আই শ্যাডো<br>▪ ব্লাশঅন<br>▪ আইলাইনার<br>▪ ভ্রু পেন্সিল<br>▪ পাউডার<br>▪ জেল<br>▪ পেন্সিল<br>▪ মাসকারা<br>▪ পাউডার<br>▪ লিপ পেন্সিল<br>▪ লিপ গ্লস<br>▪ স্প্রে |
| জব / টাস্ক / এক্টিভিটি | ১. মেকআপ সম্পাদনের প্রয়োজনীয় সরঞ্জাম সংগ্রহ করুন এবং পরিষ্কার ও সজ্জিত করুন। |
| প্রশিক্ষণ পদ্ধতি | ১. আলোচনা (Discussion)<br>২. উপস্থাপন (Presentation)<br>৩. প্রদর্শন (Demonstration) |

| | |
|---|---|
| | ৪. নির্দেশিত অনুশীলন (Guided Practice)<br>৫. স্বতন্ত্র অনুশীলন (Individual Practice)<br>৬. প্রজেক্ট ওয়ার্ক (Project Work)<br>৭. সমস্যা সমাধান (Problem Solving)<br>২. মাথাখাটানো (Brainstorming) |
| অ্যাসেসমেন্ট পদ্ধতি | ১. লিখিত অভীক্ষা (Written Test)<br>১. প্রদর্শন (Demonstration)<br>২. মৌখিক প্রশ্ন (Oral Questioning)<br>৩. পোর্টফলিও (Portfolio) |

## শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -১ : মেকআপ সম্পাদনের প্রস্তুতি

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করুন। কার্যক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যবহার করুন।

| **শিখন কার্যক্রম**<br>**(Learning Activities)** | **উপকরণ / বিশেষ নির্দেশনা**<br>**(Resources / Special instructions)** |
|---|---|
| ১. প্রশিক্ষার্থীগন কোন শিক্ষা উপকরণ ব্যবহার করবে সে সম্পর্কে প্রশিক্ষকের নিকট জানতে চাইবে | ১. প্রশিক্ষক প্রশিক্ষনার্থীদের **"মেকআপ সম্পাদনের প্রস্তুতি ।"** শেখার উপকরণ প্রদান করবেন |
| ২. ইনফরমেশন শিট পড়তে হবে। | ২. ইনফরমেশন শিট ১ : মেকআপ সম্পাদনের প্রস্তুতি |
| ৩. সেলফ চেকে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে। | ৩. সেল্ফ-চেক শিট ১ -এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন।<br>উত্তরপত্র ১ -এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন। |
| ৪. জব/টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন করুন। | ৪. নিম্নোক্ত জব/টাস্ক শিট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন করুন<br>টাস্ক শিট ১: মেকআপ সম্পাদনের প্রয়োজনীয় সরঞ্জাম সংগ্রহ করুন এবং পরিষ্কার ও সজ্জিত করুন। |

## ইনফরমেশন শিট (Information Sheet) ২ : মেকআপ সম্পাদনের প্রস্তুতি

**শিখন উদ্দেশ্য (Learning Objective):** এই ইনফরমেশন শীট পড়ে শিক্ষণার্থীগণ নিম্নোক্ত বিষয়গুলো ব্যাখ্যা করতে, বর্ণনা করতে ও তথ্যগুলো কাজে প্রয়োগ করতে পারবে-

১.১. কর্মক্ষেত্রে ব্যবহৃত ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম সংগ্রহ করা এবং ব্যবহার করা
১.২. কর্মক্ষেত্রে ব্যবহৃত যন্ত্রপাতি এবং সরঞ্জাম নির্বাচন করা এবং সংগ্রহ করা।
১.৩. উপকরণ সংগ্রহ করা।

### ১.১. কর্মক্ষেত্রে ব্যবহৃত ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম সংগ্রহ এবং ব্যবহার করা

**ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জামাদি (পিপিই):** "পারাসোনাল প্রটেক্টিভ ইকুইপমেন্ট" কে সংক্ষেপে "পিপিই" বলা হয়। খুবই সাধারণ ভাষায়, কর্মক্ষেত্রে অথবা ব্যক্তি জীবনে বিভিন্ন স্বাস্থ্য ক্ষতি থেকে নিজেকে রক্ষা করার জন্য আমরা বিশেষ যেসব পোশাক বা সরঞ্জামাদি পরিধান করি সেগুলোকেই বলা হয় 'ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম' বা পিপিই। কাজের সাথে জড়িত ঝুঁকির প্রকৃতির উপর নির্ভর করে কর্মীরা বিভিন্ন ধরণের সুরক্ষা সরঞ্জাম ব্যবহার করে। প্রতিটি পিপিইর একটি নাম আছে এবং পরিধানের একটি উদ্দেশ্য আছে। আবার প্রতিটি পিপিই পরিধান এবং সংরক্ষনেরও কিছু বিশেষ নিয়ম আছে।

**ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জামাদি (পিপিই) এর গুরুত্বঃ** ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (পিপিই) ব্যবহারের মাধ্যমে একজন কর্মী বা কর্মীরা কর্মক্ষেত্রে যে কোন ধরনের আঘাত বা অসুস্থতার ঝুঁকি হ্রাস করতে পারে। পিপিই ব্যবহারের মাধ্যমে কর্মীরা স্বাস্থ্য এবং নিরাপত্তা ঝুঁকির জন্য নিজেকে প্রস্তুত করতে পারে এবং দুর্ঘটনার ক্ষেত্রে বা দুর্ঘটনার সঙ্গে সম্পৃক্ত উপদানগুলির বিপরীতে অতিরিক্ত সুরক্ষা দেয়।

নিচে প্রয়োজনীয় **PPE** এর বর্ণনা দেয়া হলো

| | |
|---|---|
| **এপ্রোনঃ** ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জামাদির মধ্যে এপ্রোন অন্যতম। এটি এক ধরনের পোশাক যা শরীরে পরিহিত অন্যান্য পোশাকের উপর পরতে হয়। এটি শরীরের সামনের অংশ ঢেকে রাখে। কর্মক্ষেত্রে কাজের ধরন অনুযায়ী এপ্রোন বিভিন্ন ধরনের হয়ে থাকে।<br>সাধরণত এগুলো ত্বক এবং কাপড়কে দাগ ও চিহ্ন থেকে রক্ষা করে। এছাড়াও স্বাস্থ্যগত কারনে, ইউনিফর্মের অংশ হিসাবে, অ্যাসিড, এলার্জেন বা অতিরিক্ত তাপের মতো নির্দিষ্ট বিপদ থেকে সুরক্ষা পাবার জন্য ব্যবহৃত হয়ে থাকে। |   **চিত্র : এপ্রোন** |
| **হেয়ারব্যান্ড:** হেয়ার রিমুভিং কাজ করার জন্য প্রটেক্টিভ ইকুইপমেন্ট হিসাবে হেড ব্যন্ড ব্যবহার করা হয়ে থাকে। এটি মাথার লম্বা চুলগুলো শক্ত করে বেধে রাখে যাতে করে কাজের সময় মাথার লম্বা চুলগুলো থ্রেড বা কাঁচির মধ্যে এসে কোন সম্যার সৃষ্টি করতে না পারে। |  |

| | |
|---|---|
| | চিত্র : হেয়ারব্যান্ড |
| **ডিসপোজেবল মাস্কঃ** এগুলো তৈরি করতে সাধারণত পলিপ্রপিলিন ব্যবহার করা হয়, যা প্রতি বর্গমিটরে ২০ থেকে ২৫ গ্রাম ঘনত্বে থাকে। মাস্কগুলি পলিস্টাইরিন, পলিকার্বোনেট, পলিথিন বা পলিয়েস্টার দিয়েও তৈরি করা যায়। সাধারণত একটি তিন প্লাই মাস্ক একটি মেডিকেল গ্রেড মাস্ক যার তিনটি স্তর রয়েছে। মাঝারি স্তর ফিল্টার এরমত কাজ করে। ভিতরের স্তরটি আর্দ্রতা শোষণ করে, এবং বাহিরের স্তরটি পানি দূরে সরিয়ে দেয় যা জীবাণু থেকে প্রতিরক্ষা করতে সহায়তা করে। বিউটিপার্লারে ক্লায়েন্টের অতি নিকটে থেকে সেবা প্রদান করতে হয়। তাই মাস্ক ক্লায়েন্ট এবং সেবাদানকারী উভয়কেই সংক্রমণ থেকে রক্ষা করতে পারে। এছাড়াও বিভিন্ন ধরনের ক্যামিকেল রিঅ্যাকশন থেকেও দূরে রাখতে সাহায্য করে। |  চিত্র : ডিসপোজেবল মাস্ক |
| **হ্যান্ড গ্লোভসঃ** এগুলো কাজ করার সময় হাতকে রক্ষার জন্য ব্যবহার করা হয়। বিশেষত ক্যামিকেল, প্রসাধন উপকরণ, ক্লায়েটদের সংস্প র্ষে আসলে জীবণু সংক্রমন, এছাড়াও যন্ত্রপাতি ও সরঞ্জাম ব্যবহার করার সময় হাত রক্ষা করার জন্য হ্যান্ড গ্লাভস ব্যবহার করা হয়ে থাকে। |  চিত্র : হ্যান্ড গ্লোভস |
| **ফুটওয়্যারঃ** প্রায় সকল ধরনের কাজ দাড়িয়ে করতে হয়, তাই পায়ের সুরক্ষার জন্য ভালোমানের ফুটওয়্যার অবশ্যই প্রয়োজন। এছাড়া ভুল জুতা পায়ে দিলে স্বস্তিতে কাজ করতে না পারার পাশাপাশি দুর্ঘটনা ঘটার সম্ভাবনাও বেশী থাকে। যেমন – স্লীপ করে পরে যাওয়া, ইলেকট্রিক শক, পায়ের ব্যাথা দূর করার পাশাপাশি দীর্ঘক্ষণ দাড়িয়ে কাজ করতে সহযোগীতা করে। কোনও ক্ষতি বা জখম বা বৈদ্যুতিক শক থেকে পা রক্ষা করার জন্য, সুরক্ষা জুতা সমস্ত ধরণের পরিস্থিতিতে গুরুত্বপূর্ণ ভুমিকা রাখে। |  চিত্র : ফুটওয়্যার |
| **হ্যান্ড স্যানিটাইজারঃ** হাত ধোবার পরে অথবা সাবান এবং পানি পাওয়া না গেলে হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করা হয়ে থাকে। হ্যান্ড স্যানিটাইজার মূলত অ্যালকোহল মিশ্রিত জেল। অত্যন্ত দ্রুত কাজ করে বলে ত্বকে থাকা মাইক্রোস্কোপিক জীবাণুগুলোকে দ্রুত নির্মূল করতে পারে। এছাড়াও হ্যান্ড স্যানিটাইজারে ব্যবহৃত অ্যালকোহল ত্বকের জন্য খুব শুষ্ক হতে পারে। তাই বেশীরভাগ ব্রান্ডের স্যানিটাইজারগুলো একইভাবে ত্বকের শুষ্কতা এবং জ্বালা উপশম করার জন্য এটি লোশন হিসেবে কাজ করে। এছাড়াও হ্যান্ড স্যানিটাইজার জীবাণু দূর করে, আকারে ছোট হওয়ায় সহজে বহনযোগ্য, একাকি বা দলগতভাবে ব্যবহার করা যায়, অসুস্থতার ঝুঁকি কমায়, এবং অ্যালকোহল মুক্ত হ্যান্ড স্যানিটাইজার হাতের নমনীয়তা বাড়াতে সাহায্য করে। |   চিত্র : হ্যান্ড স্যানিটাইজার |

## ১.২. কর্মক্ষেত্রে ব্যবহৃত যন্ত্রপাতি এবং সরঞ্জাম নির্বাচন করা এবং স্যানিটাইজ করা।

মেকআপ কাজ করার জন্য একজন কর্মীকে প্রস্তুতি গ্রহণের অংশ হিসেবে প্রয়োজনীয় যন্ত্রপাতি এবং সরঞ্জাম সংগ্রহ এবং নির্বাচন করতে হয়।

**যন্ত্রপাতি এবং সরঞ্জামঃ** ম্যানিকিউর এবং পেডিকিউর কাজ সম্পাদন করার জন্য সাধারনত নিম্নলিখিত যন্ত্রপাতি প্রয়োজন হয়

<table>
<tr><td colspan="6">শার্পনার : এটি একটি পেন্সিল সূচাল করার জন্য ব্যবহৃত টুলস। এর মাধ্যমে পেন্সিল, লিপ লাইনার সূচাল করা হয়।</td></tr>
<tr><td colspan="6">আইল্যাশ কার্লার : চোখের পাপড়ী লম্বা, পূর্ণ এবং ঘন করতে আইল্যাশ কার্লার ব্যবহার করা হয়। এগুলো ক্লাম্পযুক্ত ধাতব সরঞ্জাম। ক্লাম্পগুলো নিচে চেপে ধরে চোখের পাপড়ীগুলোকে কার্ল করে।</td></tr>
<tr><td colspan="6">ব্রাশ সেট (মেকআপ) : মেকআপ ব্রাশহল ব্রিসলসসহ একটি টুলস। এগুলো মেকআপ বা ফেস পেইন্টিং করার জন্য ব্যবহার করা হয়। ব্রিসলসগুলি প্রাকৃতিক বা কৃত্রিম উপদান দিয়ে তৈরি হতে পারে। কিন্তু হ্যান্ডেলগুলো সাধারণ প্লাস্টিকের বা কাঠের হতে পারে। মানসম্মত ব্রাশ সেট ব্যবহার করে উন্নত মানের মেকআপ করা সম্ভব। ভালোমানসম্মত ব্রাশ ব্যবহার করলে মেকআপের ফাইনাল লুক উন্নত করে। একটি প্রডাক্ট মিশ্রন এবং প্রয়োগ সহজ করে।</td></tr>
<tr><td colspan="2"><br>চিত্র: শার্পনার</td><td colspan="2"><br>চিত্র: আইল্যাশ কার্লার</td><td colspan="2"><br>চিত্র: ব্রাশ সেট (মেকআপ)</td></tr>
<tr><td colspan="6">বিউটি ব্লেন্ডার / পাফ : মেকআপ করার সময় যেকোন উপকরণ মুখে বা ত্বকে প্রয়োগ করার জন্য বিউটি ব্লেন্ডার ব্যবহার করা হয়। এটি মূলত একটি স্পঞ্জ যার বহুমূখী ব্যবহার রয়েছে। এটি ব্যবহার করে প্রাইমার, ফাইন্ডেশন, বিবি ক্রিম, কনসিলার এমন যে কোন কিছু প্রয়োগ করতে বিউটি ব্লেন্ডার ব্যবহার করা হয়।</td></tr>
<tr><td colspan="6">এয়ার ব্রাশ : ত্বকে কসমেটিক এর উপর সুক্ষ্মকুয়াশা স্প্রে করতে সংকুচিত বায়ু ব্যবহার করা হয়। এটি ত্বককে একটি মসৃন এবং ন্যাচারাল ফিনিসিং দেয় এর ফলে দাগ এবং অন্যান্য অস্পূর্ণতা ঢেকে যায়। বেশীরভাগ এয়ারব্রাশ মেকআপ সিলিকন ভিত্তিক যার অর্থ হল, এটি দীর্ঘ স্থায়ী হয় এবং রেগুলার মেকআপের চেয়ে বেশী পানি প্রতিরোধী হয়।</td></tr>
<tr><td colspan="3"><br>চিত্র: বিউটি ব্লেন্ডার / পাফ</td><td colspan="3"><br>চিত্র: এয়ার ব্রাশ</td></tr>
</table>

## ১.৩. উপকরণ সংগ্রহ করা।

মেকআপ কাজ সম্পাদন করার জন্য একজন কর্মীকে প্রস্তুতি গ্রহণের অংশ হিসেবে প্রয়োজনীয় উপকরণ সংগ্রহ করতে হয়।

### উপকরণসমূহ

মেকআপ কাজ সম্পাদন করার জন্য সাধারনত নিম্নলিখিতউপকরণ প্রয়োজন হয়




চিত্র: প্রাইমার

**প্রাইমার :** প্রাইমার একটি প্রস্তুতি মূলক পণ্য যা ত্বকের যত্নের পরে প্রয়োগ করা হয়। এর উদ্দেশ্য হল একটি মসৃণ বেইজ তৈরী করা যা আরও ভালো মেকআপ অ্যাপ্লিকেশনের জন্য অনুমতি দেয়। প্রাইমার এমনভাবে প্রস্তুত করা হয় যাতে ত্বকের টোন আরও বেশী হয়, মেকআপের জন্য একটি ত্রুটিহীন বেস তৈরী হয়, এবং এটিকে ক্লাপিং ছাড়াই সারাদিন ধরে রাখা যায়। প্রাইমার ত্বক এবং মেকআপের মধ্যে স্তর/বাধা হিসাবে কাজ করে। প্রাইমার সাধারনত হালকা হয়, এবং একটি পাতলা সিরাম বা জেলের মতো ধারাবাহিকতা থাকে। এটি একটি ক্যানভাস তৈরী করে। এই ক্যানভাসের উপর পরবর্তী পণ্যগুলো লাগান হয়। যেমন : ফাউন্ডেশন, টিন্টেড ময়েশ্চারাইজার বা কনসিলার।

**প্রাইমার - ক্রিম :** অন্য কসমেটিক এর কাভারেজ উন্নত করার জন্য এবং কসমেটিক মুখে থাকবার স্থায়ীত্ব দীর্ঘায়িত করার জন্য প্রাইমার ক্রিম ব্যবহার করা হয়। প্রাইমার ক্রিম এমন ত্বকের জন্য তৈরী করা হয়েছে যেগুলির অপূর্ণতাগুলো খুব স্পষ্ট দেখা যায় কারণ তাদের ত্বকের রঞ্জা।

**প্রাইমার - লিকুইড :** এতে সিলিকন থাকেনা বলে সংবেদনশীল ত্বক এবং প্রায় সকল ধরনের ত্বকে সহ্য করা সহজ হয়। লিকুউড প্রাইমার এর বেইজ হল পানি। এটি বর্ণহীন এবং সকল প্রকার ত্বকের টোন দ্বারা ব্যবহার করা যেতে পারে। এটি ফল এবং ভিটামিন সমৃদ্ধ যা ত্বকের ছিদ্রগুলিকে ময়েশ্চারাইজ করে এবং আটসাট করে। এটি ত্বককে ম্যাটিফিয়েন্ট এবং আলোকিত করে।

**ফাইন্ডেশন :** ফাউন্ডেশন হল মুখের মেকআপের একটি অবস্থা। এটি একটি তরল, ক্রিম বা পাউডার মেকআপ যা মুখ এবং ঘাড়ে একটি সমান, অভিন্ন রঞ্জা তৈরি করতে, ত্রুটিগুলিকে ঢেকে দিয়ে বা আবৃত করতে এবং কখনও ন্যাচারাল স্কিন টোন পরিবর্তন করতে প্রয়োগ করা হয়। এটি বাকি মেকআপের জন্য একটি সমান বেইজ বা ফাইন্ডেশন তৈরী করে। এর সঠিক সূত্র/ফর্মূলা ত্বকের দাগ ঢাকতে, টোন সংশোধন করতে, অসম্পূর্ণতাগুলোকে অস্পষ্ট করতে এবং একটি সামগ্রিক এবং মসৃণ ক্যানভাস তৈরী করতে সহায়তা করে। কিছু ফাইন্ডেশন আরও জটিল প্রসাধনীর জন্য ময়েশ্চারাইজার, সানস্ক্রিন, অ্যাস্ট্রিজেন্ট বা বেইজ লেয়ার হিসেবেও কাজ করে।




চিত্র: ফাইন্ডেশন

| | |
|---|---|
| **ফাইন্ডেশন – কেকঃ** স্বাভাবিক থেকে অতি তৈলাক্ত ত্বকের জন্য খুবই কার্যকরী। এটি গরম বা আর্দ্র আবহাওয়ায় এটি ভালা কাজ করে। প্রায়শই কেক ফাইন্ডেশন পানি দিয়ে আর্দ্র করা হয় এবং একটি স্পঞ্জ দিয়ে প্রয়োগ করা হয়। এটি একটি কালার ইনসেনটিভ, পানি-সক্রিয় ফাইন্ডেশন যা পাউডার ফরম্যাটে থাকে। এটি মুখ, ঘাড় এবং শরীরে প্রয়োগের হন্য ডিজাইন করা হয়েছে। |   চিত্র: ফাইন্ডেশন – কেক |
| **ফাইন্ডেশন - লিকুইড :** ফাইন্ডেশনগুলোর মধ্যে সবচেয়ে জনপ্রিয় হল লিকুউড ফাইন্ডেশন ফর্মূলা। এটি বিভিন্ন ধরনের ফিনিশিং অফার করে - প্রাকৃতিক, ডিউয়ি এবং ম্যাট এবং শুষ্ক ত্বকের জন্য মাঝারী এবং সম্পূর্ণভাবে কাভারেজ দেয়। |   চিত্র: ফাইন্ডেশন - লিকুইড |
| **ক্রিম টু পাউডার :** এটি একধরনের মেকআপ বেইজ। এটি ঘন/পুরু ক্রিম ফর্মূলা ব্যবহার করে যা ভালো কাভারেজ দেয় এবং একটি সমান ফিনিশিং প্রদান করে। ক্রিম ফাইন্ডেশন এর একটি ক্রিমিয়ার এবং ঘন সামঞ্জস্য রয়েছে। সাধারণত এটি শুষ্ক ত্বকের জন্য খুবই ভালো কাজ করে। পাউডার ফাইন্ডেশন সাধারণত তৈলাক্ত ত্বকের জন্য ব্যবহার করা হয়। এটি সাধারণত হালকা কাভারেজ অফার করে। এটি তৈলাক্ত, ব্রণপ্রবণ, অথবা ঘাম প্রবণ ত্বকের জন্য বিশেষভাবে উপকারী। |  চিত্র: ক্রিম টু পাউডার |
| **হাই ডেফিনেশন (এইচডি) ফাউন্ডেশন :** এই ফাইন্ডেশন প্রয়োগ করা হয় যখন কোন ত্বকের অপূর্ণতা, কালো বৃত্তাকার দাগ  এবং অসমান টোন ঢেকে রাখা হয়। এর লক্ষ্য হল ত্বকের বিকল্প হিসাবে ব্যবহার করার পর যাতে বুঝতে পারা না যায়। অর্থ্যাৎ কোন কিছু মুখে লাগান হয়েছে বলে বোঝা যাবে না। |   চিত্র: হাই ডেফিনেশন (এইচডি) ফাউন্ডেশন |
| **কনসিলার :** এটি ফাইন্ডেশনের মতই তবে এটি থিকার/মোটা এবং কালো বৃত্ত (ডার্ক সার্কেল), বয়সের দাগ, ব্লেমিসেস এবং আরো অনেক পিগমেন্ট লুকিয়ে ফেলতে এবং ত্বকে অপূর্ণতাগুলো পূরণ করতে সহায়তা করে। ফাউন্ডেশনের উপার কনসিলার লাগানো উচিত যাতে দাগ না পরে। |   চিত্র: কনসিলার |
| **কনসিলার – ক্রিমঃ** এটি দাগ/ব্লেমিসেস ঢেকে রাখতে ব্যবহার করা হয়। এটি ফাউন্ডেশনের মতই তবে, ঘন এবং আশেপাশের স্কিন টোন এর অর্পূণতাগুলোকে মিশ্রত করে বিভিন্ন পিগমেন্টসকে আড়াল করতে সহায়তা করে। |   চিত্র: কনসিলার – ক্রিম |
| **কনসিলার - লিকুউড :** এটি সবথেকে বহুমূখী ধরনের কনসিলার। এটি সর্বাধিক পানি ধারন করে বলে সর্বাধিক হাইড্রেশন প্রদান করতে পারে। এটি মাঝারী থেকে পূর্ণ কাভারেজ দেয়। এটি স্বাভাবিক থেকে শুষ্ক ত্বকের জন্য বেশী ভালো কাজ করে। এটি চোখের নীচে ভালো কাজ করে, কারণ এগুলো মিশ্রিত করা সহজ এবং ততটা ক্রিজ হয়না। |   চিত্র: কনসিলার - লিকুউড |
| **কনসিলার - ক্রিম টু পাউডার :** তৈলাক্ত এবং ব্রণ-প্রবণ ত্বকের জন্য ডিজাইন করা হয়েছে। এটি তাৎক্ষণিকভাবে রঙ্গ সংশোধন করে। চোখের নিচের কালো দাগ এবং সুদিং ইরিটেশন হলে জ্বালা প্রশমিত করে। এছাড়াও ইমপিউরিটিস শোষণ করে। এটি কেওলিন ক্লে, রাইস পাউডার/চালের গুড়া, জোজোবা তেল এবং জিঙ্ক অক্সাইড দিয়ে ত্বক নারিসড/পুষ্ট রাখে। |  |

| | |
|---|---|
| | চিত্র: কনসিলার - ক্রিম টু পাউডার |
| **আইশ্যাডো :** চোখের আকর্ষণীয়তা বাড়ানোর জন্য, চোখের দিকে দৃষ্টি আকর্ষণ করার জন্য এবং চোখগুলোকে আলাদা করে তোলার জন্য আইশ্যাডো ব্যবহার করা হয়। চোখের নিচে, গাল বা ভ্রুতেও আইশ্যাডো ব্যবহার করা হয়। এটি চোখের গভীরতা এবং মাত্র যুক্ত করে। আইশ্যাডো বিভিন্ন রঙ্গের এবং টেক্সারের আসে। এটি সাধারণত একটি পাউডার থেকে তৈরী করা হয়। তবে এটি তরল, পেন্সিল, ক্রিম বা মুজ আকারেও পাওয়া যায়।<br>সাধারণত চার ধরনের আইশ্যাডো ব্যবহার করা হয়ে থাকে :<br>১) ক্রিম। ২) জেল। ৩) পাউডার। ৪) পেন্সিল। | <br>চিত্র: আইশ্যাডো |
| **ব্লাশার:** ব্লাশার ব্যবহার করা হয় গালে রঙ্গের ফ্লাশ যোগ করার জন্য। ফলে ব্লাশার গোলাপী (কখনও কখনও পীচ বা বড়ই আন্ডারটোনস) হয়।ব্লাশার কুলড-টোন, এবং ফর্সা ত্বককে উষ্ণ করতে পারে। এটি স্যালো বা টায়ার্ড স্কিন/ত্বক উজ্জল করে। এটি গাঢ় ত্বক টোন এ গভীরতা যুক্ত করে।<br>সাধারণত তিন প্রকারের ব্লাশার ব্যবহার করা হয়:<br>১) পাউডার। ২) ক্রিম। ৩) লিকুউড। | <br>চিত্র: ব্লাশার |
| **আইলাইনার :** এটি একটি প্রসাধনী যা চোখে গোলাকার রেখা হিসেবে প্রয়োগ করা হয়। এর প্রাথমিক উদ্দেশ্য হল আইল্যাশ গুলিকে লাবণ্য দেখান। তবে এটি চোখের দিকে দৃষ্টি আকর্ষণ করতে বা চোখের আকৃতি বড় দেখাতেও ব্যবহার করা হয়।<br>সাধারণত চার রকমের আইলাইনার ব্যবহার করা হয় :<br>১) পেন্সিল। ২) লিকুউড। ৩) গ্লিটারি। ৪) জেল লাইনার। | <br>চিত্র: আইলাইনার |
| **কন্ট্যাক্ট লেন্স :** এটি চোখের পৃষ্ঠে বা কর্ণিয়ায় সরাসরি স্থাপন করা পাতলা লেন্স। চশমার মত কন্টাক্ট লেন্স চোখের কর্ণিয়া এবং লেন্সে ফোকাস করার শক্তি যোগ বা বিয়োগ করতে পারে। এটি একটি কৃত্রিম যন্ত্র যা দৃষ্টি সংশোধন, প্রসাধনী বা থেরাপিউটিক কারণেও ব্যবহার করা হয়। | <br>চিত্র: কন্ট্যাক্ট লেন্স |
| **আইব্রো অঙ্কন উপকরণ:** ছোট চোখ বা চোখের দূরত্ব বেশী এমন ছোটখাটো ত্রুটিগুলো দূর করে আইব্রো মুখের চেহারা আমূল পরিবর্তন করতে পারে। সঠিক ভ্রু আকৃতি মুখের দৈর্ঘ্য এবং ডেফিনিশন যোগ করে। এটি মুখের উপরের অংশে চোখের আকর্ষণীয়তা বৃদ্ধি করে বিভ্রান্তি সৃষ্টি করে যাতে নিচের অংশের ত্রুটি চোখে না পরে। এছাড়াও আইব্রো মুখের ভারসাম্য বজায় রাখতে সাহায্য করে। তিন প্রকারের আইব্রো ব্যবহার করা হয় :<br><br>১) পাউডার।<br>২) জেল।<br>৩) পেন্সিল। | |

| | | |
|---|---|---|
| <br>চিত্র: পাউডার আইব্রো | <br>চিত্র: জেল। আইব্রো | <br>চিত্র: পেন্সিল আইব্রো |

| | |
|---|---|
| **লিপস্টিক:** এগুলো ঠোটের দিকে দৃষ্টি আকর্ষণ করতে এবং ঠোঁটগুলোকে আলাদা করে তোলে। বিউটিকেয়ারে ঠোঁট সম্পর্কে ভালো বোধ/ফিল করতে অনেকেই লিপস্টিক ব্যবহার করে। সাধারণত ০৬ প্রকারের লিপস্টিক ব্যবহার করা হয় : ১) ক্রিম। ২) ম্যাট। ৩) ময়েশ্চার। ৪) শিমার। ৫) গ্লিটার। ৬) গ্লোসি স্টিক। | <br>চিত্র: |
| **মাসকারা:** এটি নিচের এবং উপরের চোখের আইল্যাস বৃদ্ধি/উন্নত করতে সাহায্য করে। এটি আইল্যাশ ডার্কেন, ঘন, লম্বা এবং/অথবা ডিফাইন করে। সাধারণত ০৫ (পাঁচ) ধরনের মাসকারা ব্যবহার করা হয় :<br>১) ভলিউমাইজিং<br>২) লেনথেনিং / লম্বা করা।<br>৩) ওয়াটারপ্রুফ / পানিরোধী।<br>৪) ওয়াটার রেজিসটেন্স / পানি প্রতিরোধী।<br>৫) নাইলন বেইজ। | <br>চিত্র: মাসকারা |
| **পাউডার:** বিউটি পার্লারে বিভিন্ন কাজে বিভিন্ন প্রকারেরপাউডার ব্যবহার করা হয়। ফেস পাউডার ও ট্যালকম পাউডার। মুখে মার্জিত ভাব তৈরির কাজে পাউডার ব্যবহার হয়। এছাড়া ট্যালকম পাউডার ভ্রু প্লাক, আপার লিপ প্লাক ও থ্রেডিং, এবং মেকআপের বিভিন্ন কাজে ব্যবহার করা হয়। সাধারণত ০৭ (সাত) প্রকারের পাউডার ব্যবহার করা হয় :<br>১) লুজ। ২) শিমার। ৩) ব্রোঞ্জিং। ৪) ডুয়েল/দ্বৈত। ৫) ম্যাট। ৬) হাই ডেফিনিশন/উচ্চ মাত্রা। ৭) মিনারেল/খনিজ। | <br>চিত্র: পাউডার |
| **লিপ পেন্সিল:** লিপ লাইনার লিপ পেন্সিল নামেও পরিচিত। একটি মসৃণ আকৃতি দেবার জন্য লিপস্টিক প্রয়োগ করার আগে ঠোঁটের বাহিরের প্রান্তে অসম জায়গাগুলো পূরণ করার জন্য লিপ পেন্সিল ব্যবহার করা হয়। লিপপেন্সিল সাধরণত লিপস্টিকের থেকে ০১ বা ০২ শেড হালকা হওয়া ভালো এবং শেড একই পরিবারের হতে হবে।<br>সাধারণত ০৩ (তিন) প্রকারের লিপ পেন্সিল ব্যবহার করা হয় : ১) ম্যাট। ২) ক্রিম। ৩) ময়েশ্চার। | <br>চিত্র: লিপ পেন্সিল |

| | |
|---|---|
| **লিপ গ্লোস:** গ্লোস কে সংজ্ঞায়িত করা হয় এর চকমক এর জন্য। লিপগ্লোস এর শিমার এবং থিকার টেক্সার ঠোঁটকে আরও কোমল এবং আকর্ষণীয় করে তোলে। ঠোঁটে লিপগ্লোস স্পর্ষ করার সাথে সাথে এই প্রাকৃতিক চকচকে ভাব চলে আসে এবং একই সাথে হেলদি এবং একত্রিত দেখায়। সাধারণত ০৫ প্রকারের লিপগ্লোস ব্যবহার করা হয় :<br>১) সিলিকন বেইজড। ২) আলট্রা শাইন। ৩) ময়েশ্চার। ৪) রিচ। ৫) ম্যাট। | <br>চিত্র: লিপ গ্লোস |
| **অ্যান্টি শাইন :** একটি স্বচ্ছ পাউডার যা যেকোন কালার ত্বকের উপর অবাঞ্ছিত তেল, চকচকে ভাব, এবং ঘাম থেকে মুক্তি পাবার জন্য ব্যবহার করা হয়। এটি ত্বকে একটি মনোরম, হালকা অনুভূতির তৈরী করে। ম্যাটিফাইং ক্রিম এবং ফ্লুইড ফাইন্ডেশনের জন্য অ্যান্টি সাইন বিশেষভাবে কার্যকর। সাধারণত ০৩ প্রকারের অ্যান্টিসাইন পাউডার ব্যবহার করা হয় :<br>১) কমপ্যাক্ট। ২) ক্রিম। ৩) লিকুউড (তরল)। | <br>চিত্র: অ্যান্টি শাইন |
| **স্প্রে :** কম দৃশ্যমান টেক্সারের সাথে একটি নরম প্রভাব দেয়। সেটিং স্প্রে ব্যবহার করে মুখের মেকআপ যেমনঃ পাউডার, মাস্কারা এমনকি লিপস্টিকও ঠিক রাখা হয়। সেটিং স্প্রে মূলত একটি লিকুউড ফর্মূলা। এটি মুখের মেকআপ দীর্ঘায়িত করতে ব্যবহার করা হয়। এটি মুখের মেকআপ ঠিক জায়গায় রাখে এবং ধোয়া, দাগ বা বিবর্ণ হওয়া থেকে রক্ষা করে যাতে দেখে মনে হয় প্রথম প্রয়োগ করা হয়েছে। সাধারণত ০৩ প্রকারের সেটিং স্প্রে ব্যবহার করা হয় :<br>১) ম্যাটেফাইং স্প্রে। ২) ওয়াটার প্রুফ স্প্রে। ৩) এয়ার ব্রাশ স্প্রে। | <br><br>চিত্র: স্প্রে |

## সেলফ চেক (Self Check Sheet) ১ : মেকআপ সম্পাদনের প্রস্তুতি

সঠিক উত্তর লিখুন।

১. মেকআপ কাজে ব্যবহৃত যন্ত্রপাতি এবং সরঞ্জামাদির নাম লিখুন?
উত্তর:

২. মেকআপ কাজে ব্যবহৃত উপকরণসমূহের নাম লিখুন?
উত্তর:

৩. মেকআপ করার জন্য ফাইন্ডেশন কেন ব্যবহার করা হয়?
উত্তর:

## উত্তরপত্র (Answer Key) ১: মেকআপ সম্পাদনের প্রস্তুতি

**১: মেকআপ কাজে ব্যবহৃত যন্ত্রপাতি এবং সরঞ্জামাদির নাম লিখুন?**

**উত্তর:** শার্পনার, আইল্যাশ কার্লার, ব্রাশ সেট (মেকআপ), বিউটি ব্লেন্ডার/পাফ। এয়ার ব্রাশ, স্ট্রইটনার, কার্ল মেশিন, ক্রিম্পার মেশিন, হেয়ার ড্রাইয়ার, কার্ল ব্রাশ, চিরুনি।

**২: মেকআপ কাজে ব্যবহৃত উপকরণসমূহের নাম লিখুন?**

**উত্তর:** প্রাইমার, প্রাইমার-ক্রিম, প্রাইমার-লিকুইড, প্রাইমার-মুজ, ফাইন্ডেশন, ফাইন্ডেশন-কেক, ফাইন্ডেশন-লিকুইড, ক্রিম টু পাউডার, হাই ডেফিনেশন (এইচডি) ফাউন্ডেশন, কনসিলার, কনসিলার-স্টিক, কনসিলার-ক্রিম, কনসিলার-লিকুউড, কনসিলার-ক্রিম টু পাউডার, আইশ্যাডো, ব্রাশার, আইলাইনার, কন্ট্যাক্ট লেন্স, আইব্রো, লিপস্টিক, মাসকারা, পাউডার, লিপ পেন্সিল, লিপ গ্লোস, অ্যান্টি শাইন, স্প্রে,

**৩: মেকআপ করার জন্য ফাইন্ডেশন কেন ব্যবহার করা হয়?**

**উত্তর:** ফাউন্ডেশন হল মুখের মেকআপের একটি অবস্থা। এটি একটি তরল, ক্রিম বা পাউডার মেকআপ যা মুখ এবং ঘাড়ে একটি সমান, অভিন্ন রঙ্গ তৈরি করতে, ত্রুটিগুলিকে ঢেকে দিকে বা আবৃত করতে এবং কখনও ন্যাচারাল স্কিন টোন পরিবর্তন করতে প্রয়োগ করা হয়। এটি বাকি মেকআপের জন্য একটি সমান বেইজ বা ফাইন্ডেশন তৈরী করে। এর সঠিক সূত্র/ফর্মূলা ত্বকের দাগ ঢাকতে, টোন সংশোধন করতে, অসম্পূর্ণতাগুলোকে অস্পষ্ট করতে এবং একটি সামগ্রিক এবং মসৃণ ক্যানভাস তৈরী করতে সহায়তা করে। কিছু ফাইন্ডেশন আরও জটিল প্রসাধনীর জন্য ময়েশ্চারাইজার, সানস্ক্রিন, অ্যাস্ট্রিজেন্ট বা বেইজ লেয়ার হিসেবেও কাজ করে।

## টাস্ক শিট (Task Sheet) ১:  মেকআপ সম্পাদনের প্রয়োজনীয় সরঞ্জাম সংগ্রহ করুন এবং পরিষ্কার ও সজ্জিত করুন।

| | |
|---|---|
| কাজের নাম | **মেকআপ সম্পাদনের প্রয়োজনীয় সরঞ্জাম সংগ্রহ করুন এবং পরিষ্কার ও সজ্জিত করুন।** |
| কাজের উদ্দেশ্য | মেকআপের জন্য প্রয়োজনীয় সব সরঞ্জাম পরিষ্কার, সজ্জিত এবং প্রস্তুত করা, যাতে মেকআপ প্রক্রিয়া সুষ্ঠু ও নিরাপদভাবে সম্পাদিত হয় |
| পিপিই | হ্যান্ড গ্লোভস, মাস্ক, অ্যাপ্রন/গাউন |
| টুলস এবং সরঞ্জাম | মেকআপ ব্রাশ, স্পঞ্জ, ফাউন্ডেশন প্যালেট, আইশ্যাডো প্যালেট, লিপস্টিক, ব্লাশ ব্রাশ, কনট্যুর ব্রাশ, আইলাইনার, মেকআপ রিমুভার, স্প্রে বোতল, কটন প্যাড, টিস্যু |
| কাজের ধাপসমূহ/পদ্ধতি | ১. মেকআপের জন্য প্রয়োজনীয় সব সরঞ্জাম সংগ্রহ করুন (ব্রাশ, স্পঞ্জ, ফাউন্ডেশন, লিপস্টিক ইত্যাদি)।<br>২. মেকআপ ব্রাশ, স্পঞ্জ এবং অন্যান্য সরঞ্জাম ভালভাবে পরিষ্কার করুন।<br>৩. ব্রাশ পরিষ্কারের জন্য ব্রাশ ক্লিনার বা হালকা স্যাপুন ব্যবহার করুন।<br>৪. সমস্ত সরঞ্জাম গুছিয়ে একটি পরিষ্কার জায়গায় সাজিয়ে রাখুন, যাতে সেগুলি সহজেই পাওয়া যায়।<br>৫. সঠিক অবস্থানে রাখুন যাতে মেকআপ প্রক্রিয়াটি নির্বিঘ্নে সম্পন্ন হয়। |

## শিখনফল (Learning Outcome) ২: ক্লায়েন্টকে প্রস্তুত করতে পারবে

| | |
|---|---|
| অ্যাসেসমেন্ট মানদন্ড | ১. ব্যক্তিগত অ্যাক্সেসরিজ অপসারণ করতে সক্ষম হয়েছে<br>২. নির্দিষ্ট মেকআপ রিকোয়ারমেন্ট বিষয়ে ক্লায়েন্টের সাথে পরামর্শ করতে সক্ষম হয়েছে<br>৩. ক্লায়েন্টকে একটি আরামদায়ক অবস্থানে বসাতে সক্ষম হয়েছে<br>৪. সুরক্ষামূলক পোশাক সরবরাহ এবং ব্যবহার করতে সক্ষম হয়েছে |
| শর্ত ও রিসোর্স | ১. প্রকৃত কর্মক্ষেত্রে অথবা প্রশিক্ষণ পরিবেশ<br>২. সিবিএলএম<br>৩. হ্যান্ডআউটস<br>৪. ল্যাপটপ<br>৫. মাল্টিমিডিয়া প্রজেক্টর<br>৬. কাগজ, কলম, পেন্সিল, ইরেজার<br>৭. ইন্টারনেট সুবিধা<br>৮. হোয়াইট বোর্ড ও মার্কার<br>৯. অডিও ভিডিও ডিভাইস |
| বিষয়বস্তু | ১. ব্যক্তিগত অ্যাক্সেসরিজ অপসারণ করা<br>২. নির্দিষ্ট মেকআপ রিকোয়ারমেন্ট বিষয়ে ক্লায়েন্টের সাথে পরামর্শ করা<br>▪ দিনের মেকাপ<br>▪ সান্ধ্যকালীণ মেকাপ<br>▪ ব্রাইডাল<br>৩. ক্লায়েন্টকে একটি আরামদায়ক অবস্থানে বসানো<br>৪. সুরক্ষামূলক পোশাক সরবরাহ এবং ব্যবহার করা<br>৫. আই প্যাড<br>৬. তোয়ালে<br>৭. হেডব্যান্ড<br>৮. ফেসিয়াল গাউন/ পোশাক<br>৯. গজ মাস্ক<br>১০. ফেসিয়াল মাস্ক |
| জব / টাস্ক / এক্টিভিটি | ১. মেকআপ করার জন্য ক্লায়েন্ট এর বাক্তিগত অ্যাক্সেসরিজ অপসারণ করা |
| প্রশিক্ষণ পদ্ধতি | ১. আলোচনা (Discussion)<br>২. উপস্থাপন (Presentation)<br>৩. প্রদর্শন (Demonstration)<br>৪. নির্দেশিত অনুশীলন (Guided Practice)<br>৫. স্বতন্ত্র অনুশীলন (Individual Practice)<br>৬. প্রজেক্ট ওয়ার্ক (Project Work)<br>৭. সমস্যা সমাধান (Problem Solving)<br>৮. মাথাখাটানো (Brainstorming) |
| অ্যাসেসমেন্ট পদ্ধতি | ১. লিখিত অভীক্ষা (Written Test)<br>২. প্রদর্শন (Demonstration)<br>৩. মৌখিক প্রশ্ন (Oral Questioning)<br>৪. পোর্টফলিও (Portfolio) |

## **শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -২ : ক্লায়েন্ট প্রস্তুত করা।**

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করুন। কার্যক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যবহার করুন।

| **শিখন কার্যক্রম<br>(Learning Activities)** | **উপকরণ / বিশেষ নির্দেশনা<br>(Resources / Special instructions)** |
|---|---|
| ১. প্রশিক্ষার্থীগন কোন শিক্ষা উপকরণ ব্যবহার করবে সে সম্পর্কে প্রশিক্ষকের নিকট জানতে চাইবে | ১. প্রশিক্ষক প্রশিক্ষনার্থীদের **"ক্লায়েন্ট প্রস্তুত করা।"** শেখার উপকরণ প্রদান করবেন |
| ২. ইনফরমেশন শিট পড়তে হবে। | ২. ইনফরমেশন শিট ২ : ক্লায়েন্ট প্রস্তুত করা। |
| ৩. সেলফ চেকে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে। | ৩. সেল্ফ-চেক শিট ২ -এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। উত্তরপত্র ২ -এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন। |
| ৪. জব/টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন করুন। | ৪. নিম্নোক্ত জব/টাস্ক শিট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন করুন<br>টাস্ক শিট ২: মেকআপ করার জন্য ক্লায়েন্ট এর ব্যক্তিগত অ্যাক্সেসরিজ অপসারণ করা |

## ইনফরমেশন শিট (Information Sheet) ২ : ক্লায়েন্ট প্রস্তত করা

**শিখন উদ্দেশ্য (Learning Objective):** এই ইনফরমেশন শীট পড়ে প্রশিক্ষণার্থীগণ নিম্নোক্ত বিষয়গুলো ব্যাখ্যা করতে, বর্ণনা করতে ও তথ্যগুলো কাজে প্রয়োগ করতে পারবে-

২.১. ব্যক্তিগত অ্যাক্সেসরিজ অপসারণ করা
২.২. নির্দিষ্ট মেকআপ রিকোয়ারমেন্ট বিষয়ে ক্লায়েন্টের সাথে পরামর্শ করা
২.৩. ক্লায়েন্টকে একটি আরামদায়ক অবস্থানে বসানো
২.৪. সুরক্ষামূলক পোশাক সরবরাহ এবং ব্যবহার করা

### ২.১. ব্যক্তিগত অ্যাক্সেসরিজ অপসারণ করা

**ব্যক্তিগত পরিধেয় জিনিসপত্র (অলংকার/গহণা) :** মেকওভার করার সময় ক্লায়েন্টকে প্রস্তুত করার জন্য খেয়াল রাখতে হবে যে ক্লায়েন্ট কোন ব্যক্তিগত অলংকার/গহণা পরিধান করে আছে কিনা। ক্লায়েন্টের শরীরে কোন ব্যক্তিগত অলংকার/গহণা থাকলে অবশ্যই ক্লায়েন্টের অনুমতি পূর্বক তা খুলে নিতে হবে। এবং ক্লায়েন্টকে নিশ্চিত করুন যে, অলংকার/গহণা নিরাপদে থাকবে এবং কাজ শেষ হলে তাকে পুনরায় ফেরত দেওয়া হবে।
ব্যক্তিগত অলংকার/গহণা এর মধ্যে রয়েছে

ক. নোজ পিন/নাক ফুল
খ. হ্যান্ড রিং/হাতের আংটি
গ. হাত ঘড়ি
ঘ. হেয়ার ব্যান্ড/চুলের ফিতা
ঙ. চুড়ি

**ব্যক্তিগত অলংকার/গহণা এর মধ্যে রয়েছে**

| | |
|---|---|
|  নোজ পিন/নাক ফুল |  হ্যান্ড রিং/হাতের আংটি |
|  হাত ঘড়ি ও চুড়ি |  হেয়ার ব্যান্ড/চুলের ফিতা |

## ২.২. সুনির্দিষ্ট ধরনের মেকওভার নির্ধারন করার জন্য ক্লায়েন্টের সাথে পরামর্শ করা

**মেকআপ রিকোয়ারমেন্ট/চাহিদা**

**মেকআপ**

মুখমন্ডলের আকৃতি, ত্বকের ধরন এবং ত্বকের টোন বিশ্লেষণ করে মেকআপের বিভিন্ন উপকরণ পর্যায়ক্রমে ব্যবহার করে স্কিনের টোন পরিবর্তন করে সৌন্দর্য বর্ধন করার পদ্ধতিকে মেকআপ বলে। মেকআপের মাধ্যমে ত্বকের দাগ ঢেকে টোন সংশোধন করে অসম্পূর্ণতাগুলো অষ্পস্ট করে নিতে হয়। অসম্পূর্ণ অংশগুলো সম্পূর্ণতা দিয়ে সৌন্দর্য বৃদ্ধি করতে হয়।

<table>
<tr><td colspan="3">ডে-মেকআপ: দিনে মেকআপটা সাধারণত হালকা ও নুড কালার ব্যবহার করা হয় এবং ম্যাট মেকআপ করতে হয়। দিনের মেকআপে সব কিছুই হাই ডেফিনিশন করতে হয় কারণ দিনের আলোতে সব ষ্পষ্ট দেখা যায়।</td></tr>
<tr><td colspan="3">ইভনিং-মেকআপ: ইভিনিং এর মেকআপটি একটু গাড় করতে হয় উজ্জল রং ব্যবহার করতে হয় স্মোকি করলে ভালো দেখায়। গ্লসি মেকআপ ইভিনিং মেকআপের সাথে ভালো যায়।</td></tr>
<tr><td colspan="3">ব্রাইডাল-মেকআপ: ব্রাইডের মেকআপ তার চাহিদা পোশাক এবং অলংকারের সাথে মিলিয়ে করতে হয়।</td></tr>
<tr><td><br>চিত্র: ডে-মেকআপ</td><td><br>চিত্র: ইভনিং-মেকআপ</td><td><br>চিত্র: ব্রাইডাল-মেকআপ</td></tr>
</table>

## ২.৩. ক্লায়েন্ট একটি আরামদায়ক অবস্থানে বসানো

**চেয়ারে বসানো এবং রিলাক্স করা :** ক্লায়েন্ট প্রস্তুত করার একটি অংশ হল ক্লায়েন্টকে চেয়ারে বসিয়ে চেয়ার সেটআপ করে নিতে হবে। এরপর ভালোভাবে নিশ্চিত করুন যে, ক্লায়েন্ট সর্বোত্তম আরামদায়ক অবস্থায় বসতে পেরেছেন। এই অংশে ক্লায়েন্ট রিলাক্স মোডে নেওয়া খুবই জরুরি কারণ ত্বকের উপর কাজ করতে হলে ত্বক অবশ্যই রিলাক্স অবস্থায় থাকতে হবে।



## ২.৪. ক্লায়েন্ট প্রটেকটিভ ক্লোথিং/প্রতিরক্ষামূলক পোশাক সরবরাহ ও ব্যবহার করা

**প্রটেকটিভ ক্লোথিং/প্রতিরক্ষামূলক পোশাক :** ম্যানিকিউর এবং পেডিকিউর কাজের সময় ক্লায়েটকে যেকোন ধরনের সাম্ভাব্য আঘাত বা ইনফেকশন থেকে রক্ষা করার জন্য তাকে প্রতিরক্ষামূলক পোশাক বা প্রটেকটিভ ক্লোথিং সরবরাহ করুন। বিশেষত লক্ষ্য রাখতে হবে ক্লায়েন্ট যাতে কোন প্রকার অস্বস্তি বোধ না করে। তিনি যেন প্রটেক্টিভ ক্লোথিং পরিধান করা অবস্থায় স্বস্তিতে থাকেন।

মেকওভার করার কাজে প্রটেক্টিভ ক্লোথিং এর মধ্যে রয়েছে

| প্রটেক্টিভ ক্লোথিং | চিত্র | বিস্তারিত |
|---|---|---|
| আই প্যাড |  | এটি সাধারণত চোখের বা মুখের চারপাশে ব্যবহার করা হয়। মেকওভার বা স্কিন কেয়ার প্রক্রিয়ার সময় চোখের চারপাশে কোন ধরনের ক্রিম বা সাবান লাগলে তা অন্ধকারের মধ্যে পড়তে পারে, যা আই প্যাড ব্যবহার করে প্রতিরোধ করা যায়। |
| তোয়ালে |  | তোয়ালে সাধারণত মেকওভার বা ফেসিয়াল ট্রিটমেন্টের সময় মুখের ত্বক মুছে নেয়ার জন্য বা শরীরের অতিরিক্ত পানি মুছে ফেলার জন্য ব্যবহৃত হয়। এটি ত্বকের জন্য অত্যন্ত সফট এবং স্নিগ্ধ। |
| ফেসিয়াল গাউন |  | ফেসিয়াল গাউন একটি বিশেষ ধরনের পোষাক যা ত্বক ও পোশাকের মধ্যে নিরাপত্তা বজায় রাখতে সাহায্য করে। এটি মেকওভার করার সময় ত্বককে ধুলাবালি বা অন্য কোন অপ্রত্যাশিত উপাদান থেকে সুরক্ষা দেয়। |
| গজ মাস্ক |  | গজ মাস্ক সাধারনত মুখের বা ত্বকের সুরক্ষা করতে ব্যবহৃত হয়। এটি মুখের ওপর শ্বাসপ্রশ্বাসজনিত পরিস্কারক বা কোন কেমিক্যাল পণ্য ব্যবহারের সময় সুরক্ষা দেয় এবং বায়ু বা ধুলাবালি থেকে মুখকে রক্ষা করে। |
| ফেসিয়াল মাস্ক |  | ফেসিয়াল মাস্ক ত্বকের পরিচর্যা এবং রিবোটিং প্রক্রিয়ায় ব্যবহৃত হয়। এটি ত্বকের গভীরে কাজ করে এবং ত্বককে পুনরুজ্জীবিত করে, ময়লা বা তেল দূর করতে সাহায্য করে। |

প্রটেক্টিভ ক্লোথিং সরবরাহ করা এবং পরিধান করার পরে ক্লায়েন্টকে আরামদায়কভাবে বসাতে হবে।

## সেলফ চেক (Self Check Sheet) ২ : ক্লায়েন্ট প্রস্তুত করা ।

সঠিক উত্তর লিখুন।

১. **মেকওভার সম্পাদন করার জন্য কি কি পারসোলান এক্সেসোরিজ রিমুভ করুন?**
   **উত্তর:**

২. **মেকআপ করার চাহিদাগুলো কি কি হতে পারে?**
   **উত্তর:**

৩. **মেকওভার সম্পাদন করার জন্য প্রটেক্টিভ ক্লোথিংগুলো কি কি?**
   **উত্তর:**

## উত্তরপত্র (Answer Key) ২ : ক্লায়েন্ট প্রস্তুত করা।

**১: মেকওভার সম্পাদন করার জন্য কি কি পারসোলান এক্সেসোরিজ রিমুভ করুন?**

উত্তর: ব্যক্তিগত অলংকার/গহণা এর মধ্যে রয়েছে

- নোজ পিন/নাক ফুল
- হ্যান্ড রিং/হাতের আংটি
- হাত ঘড়ি
- হেয়ার ব্যান্ড/চুলের ফিতা
- চুড়ি

**২: মেকআপ করার চাহিদাগুলো কি কি হতে পারে?**

উত্তর:

- মেকআপ
- ডে-মেকআপ
- ইভনিং-মেকআপ
- ব্রাইডাল-মেকআপ

**৩: মেকওভার সম্পাদন করার জন্য প্রটেক্টিভ ক্লোথিংগুলো কি কি?**

উত্তর: মেকওভার করার কাজে প্রটেক্টিভ ক্লোথিং এর মধ্যে রয়েছে

- আই প্যাড।
- তোয়ালে।
- ফেসিয়াল গাউন।
- গজ মাস্ক।
- ফেসিয়াল মাস্ক।

## টাস্ক শিট (Task Sheet) ২: মেকআপ করার জন্য ক্লায়েন্ট এর বাক্তিগত অ্যাক্সেসরিজ অপসারণ করা

| | |
|---|---|
| কাজের নাম | **মেকআপ করার জন্য ক্লায়েন্ট এর বাক্তিগত অ্যাক্সেসরিজ অপসারণ করা** |
| কাজের উদ্দেশ্য | ক্লায়েন্টের মেকআপ প্রক্রিয়া শুরু করার পূর্বে তাদের ব্যক্তিগত অ্যাক্সেসরিজ (যেমন গহনা, চশমা, কিপট, ঘড়ি ইত্যাদি) নিরাপদে অপসারণ করা, যাতে মেকআপ প্রক্রিয়া নির্বিঘ্নে সম্পন্ন হতে পারে এবং অপ্রত্যাশিত ক্ষতি বা অনাকাঙ্ক্ষিত বিশৃঙ্খলা এড়ানো যায়। |
| পিপিই | হ্যান্ড গ্লোভস, মাস্ক, অ্যাপ্রন |
| কাজের ধাপসমূহ/পদ্ধতি | ১. ক্লায়েন্টের হাতে, গলায়, কানে বা অন্যান্য স্থানে যেকোনো ধরনের গহনা (রিং, নেকলেস, কানের দুল, ঘড়ি) বা অন্যান্য অ্যাক্সেসরিজ আছে কিনা চেক করুন।<br>২. ক্লায়েন্টের অনুমতি নিয়ে সযত্নে গহনা, চশমা, কিপট, ঘড়ি এবং অন্যান্য অ্যাক্সেসরিজ অপসারণ করুন।<br>৩. গহনা অপসারণ করার পর, সেগুলি নিরাপদ স্থানে রাখুন, যাতে হারানো বা ক্ষতি না হয়।<br>৪. ক্লায়েন্টের ত্বক বা মুখের যেকোনো মেকআপের অবশিষ্টাংশ বা দূষণ দূর করার জন্য মেকআপ রিমুভার এবং টিস্যু ব্যবহার করুন।<br>৫. হাত পরিষ্কার করে সরঞ্জাম ব্যবহার করার জন্য প্রস্তুত করুন। |

## শিখনফল (Learning Outcome) ৩: মেকআপ সম্পাদন করতে পারবে

| | |
|---|---|
| অ্যাসেসমেন্ট মানদন্ড | ১. ক্লায়েন্টের মুখের আকৃতি, ত্বকের ধরণ এবং টোন বিশ্লেষণ করে মেকআপের ধরণ নির্বাচন করতে সক্ষম হয়েছে<br>২. স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুযায়ী মেকআপ প্রয়োগ করতে সক্ষম হয়েছে<br>৩. ফিনিশিং টাচ প্রয়োগের আগে ক্লায়েন্টের চাহিদা অনুযায়ী মেকআপের লুক পরীক্ষা করতে সক্ষম হয়েছে<br>৪. ফিক্সিং স্প্রে/মেকআপ সেটিং স্প্রে দিয়ে লুক সম্পন্ন করতে সক্ষম হয়েছে<br>৫. রিটাচ এবং মেকআপ রিমুভের উপযুক্ত উপকরণ এবং পদ্ধতি সম্পর্কে ক্লায়েন্টকে পরামর্শ দিতে সক্ষম হয়েছে |
| শর্ত ও রিসোর্স | ১. প্রকৃত কর্মক্ষেত্রে অথবা প্রশিক্ষণ পরিবেশ<br>২. সিবিএলএম<br>৩. হ্যান্ডআউটস<br>৪. ল্যাপটপ<br>৫. মাল্টিমিডিয়া প্রজেক্টর<br>৬. কাগজ, কলম, পেন্সিল, ইরেজার<br>৭. ইন্টারনেট সুবিধা<br>৮. হোয়াইট বোর্ড ও মার্কার<br>৯. অডিও ভিডিও ডিভাইস |
| বিষয়বস্তু | ১. ক্লায়েন্টের মুখের আকৃতি, ত্বকের ধরণ এবং টোন বিশ্লেষণ করে মেকআপের ধরণ নির্বাচন করা<br>○ ফেয়ার<br>○ লাইট<br>○ মিডিয়াম<br>○ ডার্ক<br>২. স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুযায়ী মেকআপ প্রয়োগ করা<br>৩. ফিনিশিং টাচ প্রয়োগের আগে ক্লায়েন্টের চাহিদা অনুযায়ী মেকআপের লুক পরীক্ষা করা<br>৪. ফিক্সিং স্প্রে/মেকআপ সেটিং স্প্রে দিয়ে লুক সম্পন্ন করা<br>৫. রিটাচ এবং মেকআপ রিমুভের উপযুক্ত উপকরণ এবং পদ্ধতি সম্পর্কে ক্লায়েন্টকে পরামর্শ দেওয়া |
| জব / টাস্ক / এক্টিভিটি | ১. অয়েলি স্কিনে ইভনিং মেকআপ করা |
| প্রশিক্ষণ পদ্ধতি | ১. আলোচনা (Discussion)<br>২. উপস্থাপন (Presentation)<br>৩. প্রদর্শন (Demonstration)<br>৪. নির্দেশিত অনুশীলন (Guided Practice)<br>৫. স্বতন্ত্র অনুশীলন (Individual Practice)<br>৬. প্রজেক্ট ওয়ার্ক (Project Work)<br>৭. সমস্যা সমাধান (Problem Solving)<br>৮. মাথাখাটানো (Brainstorming) |
| অ্যাসেসমেন্ট পদ্ধতি | ১. লিখিত অভীক্ষা (Written Test) |

| | |
|---|---|
| | ২. প্রদর্শন (Demonstration)<br>৩. মৌখিক প্রশ্ন (Oral Questioning)<br>৪. পোর্টফলিও (Portfolio) |

## শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -৩ : মেকআপ সম্পাদন করা।

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করুন। কার্যক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যবহার করুন।

| **শিখন কার্যক্রম**<br>**(Learning Activities)** | **উপকরণ / বিশেষ নির্দেশনা**<br>**(Resources / Special instructions)** |
|---|---|
| ১. প্রশিক্ষার্থীগন কোন শিক্ষা উপকরণ ব্যবহার করবে সে সম্পর্কে প্রশিক্ষকের নিকট জানতে চাইবে | ১. প্রশিক্ষক প্রশিক্ষনার্থীদের “মেকআপ সম্পাদন করা।” শেখার উপকরণ প্রদান করবেন |
| ২. ইনফরমেশন শিট পড়তে হবে। | ২. ইনফরমেশন শিট ৩ : মেকআপ সম্পাদন করা। |
| ৩. সেলফ চেকে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে। | ৩. সেল্ফ-চেক শিট ৩ - এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন।<br>উত্তরপত্র ৩ - এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন। |
| ৪. জব/টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন করুন। | ৪. নিম্নোক্ত জব/টাস্ক শিট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন করুন<br>জব শিট ৩: অয়েলি স্কিনে ইভনিং মেকআপ করা |




## ইনফরমেশন শিট (Information Sheet) ৩ : মেকআপ সম্পাদন করা।

**শিখন উদ্দেশ্য (Learning Objective):** এই ইনফরমেশন শীট পড়ে প্রশিক্ষণার্থীগণ নিম্নোক্ত বিষয়গুলো ব্যাখ্যা করতে, বর্ণনা করতে ও তথ্যগুলো কাজে প্রয়োগ করতে পারবে-

৩.১. ক্লায়েন্টের মুখের আকৃতি, ত্বকের ধরণ এবং টোন বিশ্লেষণ করে  মেকআপের ধরণ নির্বাচন করা
৩.২. স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুযায়ী মেকআপ প্রয়োগ করা
৩.৩. ফিনিশিং টাচ প্রয়োগের আগে ক্লায়েন্টের চাহিদা অনুযায়ী  মেকআপের লুক পরীক্ষা করা
৩.৪. ফিক্সিং স্প্রে/মেকআপ সেটিং স্প্রে দিয়ে লুক সম্পন্ন করা
৩.৫. রিটাচ এবং মেকআপ রিমুভের উপযুক্ত উপকরণ এবং পদ্ধতি সম্পর্কে ক্লায়েন্টকে পরামর্শ দেয়া

### ৩.১. ক্লায়েন্টের মুখের আকৃতি, ত্বকের ধরণ এবং টোন বিশ্লেষণ করে  মেকআপের ধরণ নির্বাচন করা


মুখমমন্ডলের আকৃতি

| | |
|---|---|
| **রেক্টেঙ্গোল শেপ:** আয়তক্ষেত্রাকার মুখমন্ডলকে কখনও কখনও আয়তাকার বলা হয় এবং এগুলি একটি বর্গাকার আকৃতির মুখের মতো তবে প্রশস্ততার চেয়ে দীর্ঘ হয়ে থাকে। এসব মুখমন্ডলের কপাল, গাল এবং চোয়ালের রেখা প্রায় একই প্রস্থের হয় এবং চিবুক খুব সামান্য বক্রাকার। |  |
| **ইনভার্টেড/পিয়ার:** এই আকৃতির মুখমন্ডল চোয়ালের প্রশস্ত বিন্দুগুলি চুলের রেখার প্রশস্ত বিন্দুর চেয়ে সামান্য প্রশস্ত। যদিও এটি একটি সুন্দর আকৃতি, এই আকৃতির মুখটি একটি কঠিন হতে যদি না সঠিক স্টাইলটি নির্ধারন করা যায়। |  |
| **হার্ট শেপ:** হার্ট শেপের মুখে কপাল খুব চওড়া আর চিবুকের দিকটা সরু হয়ে থাকে। এধরনের মুখের সাথে শর্ট হেয়ারকাট বেশী মানায়। যেমন: শর্ট বব, ডায়না কাট ইত্যাদি। এমনভাবে চুল কাটতে হবে যেন দুই চোয়ালের পাশে ভল্যুম তৈরী হয়। শর্ট ব্যাঙ্গস, শর্ট বব, লংওয়েভ চুল কাটলে সুন্দর দেখায়। |   |
| **ওভাল শেপ:** ওভাল হলো একটি আদর্শ শেপ যেখানে সব ধরনের হেয়ারকাট মানিয়ে যায়। তবে ক্লায়েন্টের বয়স, ব্যাক্তিত্ব ও পছন্দের ব্যাপারটিও মাথায় রাখা দরকার। আর মুখের উপরে চুল পড়ে ওভাল শেপ না ঢেকে যায় এমন হেয়ারকাট নির্বাচন করলেই ভালো। বয় কাট, শর্ট লেয়ার, শর্ট মেসিকাট দিলে সুন্দর দেখায়। |   |
| **ট্রায়েঙ্গুলার:** এই আকৃতি বা শেপটি সাধারণত কপালে সরু এবং চোয়ালে চওড়া হয়। ট্রায়েঙ্গুলার আকৃতির মুখ হল একটি হার্টশেপ আকৃতির বিপরীত। |   |
| **স্কয়ার শেপ:** স্কয়ার আকৃতির মুখে এমনভাবে চুল কাটতে হবে যাতে গালের দুইপাশের বাড়তি চোয়াল ঢাকা পড়ে যায় এবং কপালের পার্শ্ব-দৈর্ঘ্য কমিয়ে আনা যায়। সামনের দিকে অ্যাঙ্গেল্ড ব্যাঙস এবং লং লেয়ার করানো ভালো। পেছনের চুল চাইলে লম্বা রাখা যায়। রাউন্ড বব, ভলিউম কাট, লং কাট সুন্দর দেখায়। |   |

| | |
|---|---|
| **ডায়মন্ড শেপ:** এই মুখাকৃতিতে কপাল সরু থাকে। তাই কপালের উচ্চতাকে কমাতে হবে। কপালের সামনে চুল ছোট করে কাটতে হবে। যেমন: অ্যাঙ্গেল্ড ব্যাঙস বা স্ট্রেইট কাট। পিছনে চুল লম্বা রাখতে পারবে। |  |
| **রাউন্ড শেপ:** রাউন্ড আকৃতির মুখের সাথে এমন হেয়ারকাট **করুন** যাতে মুখের উচ্চতা বাড়ে এবং প্রস্থ কমে। শুধু সামনের দিকের চুলের জন্য লং ব্যাঙস বা লং লেয়ার করা ভালো। পুরো চুলে গ্রাজুয়েটেড বব, লং ফিঞ্জ এসবই বেশী প্রযোজ্য হবে।শর্ট লেয়ার সোল্ডার পর্যন্ত, লং ব্যাঙ্গস সোল্ডার পর্যন্ত, শর্ট লেয়ার সোল্ডার পর্যন্ত  কাটলে সুন্দর দেখায়। |  |

**ত্বকের ধরণ**

সাধারনত পাঁচ ধরনের ত্বকের ধরণ দেখা যায়, ত্বকের ধরণ অনুযায়ী মেকআপ প্রয়োগ করতে হয়।




ক. **নরমাল স্কীন:** ত্বকে কোন তেল চিটচিটে আস্তরণ থাকে না, রুক্ষতা থাকে না তাই এই ধরণের ত্বকে সকল প্রকার মেকআপ প্রয়োগ করা যায়।

খ. **ড্রাই স্কীন:** ত্বক রুক্ষ ও প্রাণহীন দেখায় ময়েশ্চারাইজারের ঘাটতি থাকে। তাই মেকআপ করার পূর্বে অবশ্যই ময়েশ্চারাইজ প্রয়োগ করতে হয় এবং অয়েল বেইজ মেকআপ ব্যবহার করলে ভালো হয়।

গ. **অয়েলি স্কীন**: ত্বকে প্রচুর ময়েশ্চারাইজার থাকে তেল চিটচিটে আস্তরণ থাকে, ব্রণ ও দাগ থাকতে পারে। এই ধরণের ত্বকে অয়েল লক করে মেকআপ করতে হয়। কনসিলর দিয়ে দাগ, ব্রণ প্রভৃতি ঢেকে নিয়ে লুজ পাউডার প্রয়োগ করে লক করে তারপর মেকআপ শুরু করতে হয়।

ঘ. **কম্বিনেশন স্কীন**: এই ধরনের ত্বকে T-Zone-এ অয়েলিভাব থাকে তাই T-Zone-এ অয়েল লক করে মেকআপ শুরু করতে হয়।

ঙ. **সেনসেটিভ স্কীন**: এই ধরণের ত্বকে এলার্জি ওঠার সম্ভাবনা থাকে সব ধরণের মেকআপ সুট করে না তাই ক্লায়েন্ট কোন ব্রান্ডের অভস্থতা থাকলে তা জেনে নিয়ে মেকআপ করতে হয়।

**স্কিন টোন/ত্বকের রঙ্গ** : স্কিন টোন হল ত্বকের পৃষ্ঠের রঙ্গ। ত্বকের মধ্যে থাকা মেলানিন ত্বকের রঙ্গ নির্ধারন করে থাকে। চার প্রকারের স্কিন টোন হল :

ফেয়ার লাইট মিডিয়াম ডার্ক




গ্রাহকের হাতের শিরার রং দেখে তার কনসিলর ও ফাউন্ডেশনের রং বাছাই করতে হয়।





## ৩.২. স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুযায়ী মেকআপ প্রয়োগ করা

**মেকআপ:** সৌন্দর্য্য প্রস্ফুটনের জন্য প্রসাধনী ব্যাবহারের মাধ্যমে ত্বকের ত্রুটিপূর্ণ দিকগুলোকে কমিয়ে দিয়ে ও ত্রুটিহীন দিকগুলোকে বাড়িয়ে দিয়ে অবয়বে যে পরিবর্তন আনা হয় তার নাম মেকআপ।

**প্রফেশনাল মেকআপএর প্রয়োজনীয়তা:** মানুষ সৌন্দর্য্যরে পূজারী। প্রত্যেকেই নিজেকে সুন্দর করে তুলে ধরতে চায়। কিন্তু সঠিক জ্ঞান ও দক্ষতার অভাবে তা আর হয়ে উঠে না। যেসব জায়গায় সাজসজ্জার পুঙ্খানুপুঙ্খতা বজায় রাখা জরুরি সেসব ক্ষেত্রে তাই প্রফেশনালদের উপর নির্ভর করতেই হয়।

**সঠিক মেকআপ নির্বাচন :** ক্লায়েন্টের পছন্দকে মেকআপ নির্বাচনের ক্ষেত্রে প্রাধান্য দেওয়া প্রয়োজন; এজন্য মেকআপ শুরুর আগে ক্লায়েন্টের চাহিদার ধরন বুঝে নিতে হবে। ক্লায়েন্টের বয়স এবং ব্যক্তিত্ব ছাড়াও মুখাকৃতি, ত্বকের রঙ ও ধরণ এসব দিক বিবেচনায় তার পছন্দের সাথে অমিল থাকলে সেটা তাকে জানানো দরকার তাহলে আলোচনার মাধ্যমে নির্বাচন করুন মেকআপ প্যাটার্ন।

**কালার থিওরি ফর মেকআপ আর্টিস্ট**




মেকাপ আর্টিস্ট্রিতে সবচাইতে বেশি প্রাধান্য পায় কালার থিওরি যা বুঝতে হলে প্রথমেই কালার হুইল সম্পর্কে পরিচিত হওয়া দরকার।

**এই কালার হুইলে রয়েছে তিন পর্যায়ের কালার :**
প্রাইমারি: রেড, ইয়েলো, ব্লু সেকেন্ডারি: অরেঞ্জ, গ্রিন, ভায়োলেট, টার্শিয়ারি: ইয়েলো-অরেঞ্জ, অরেঞ্জ-রেড, রেড-ভায়োলেট, ভায়োলেট-ব্লু ব্লু-গ্রিন, গ্রি-ইয়েলো, এতসব রঙের রয়েছে ভিন্ন ভিন্ন আবেদন ও মনস্তাত্তিক দিক।

| | |
|---|---|
| **যেমন:** লাল: প্রেম, রাগ, ক্ষমতা, আবেদন, কমলা: সুখ-সমৃদ্ধি, শক্তি,<br>হলুদ: গ্রীষ্ম, ঔজ্জ্বল্য, প্রত্যাশা, সবুজ: স,চনা, বৃদ্ধি, প্রকৃতি<br>নীলঃ নিস্তব্ধ, শোক, দায়িত্ব, গোলাপি: মিষ্টতা, প্রথম প্রেম, আকর্ষনীয়, ফুল,<br>বেগুনী: সৃজনশীলতা, রাজত্ব, প্রাচুর্য্য, কালো: রহস্য, আভিজাত্য, ধুসর: রাশভারী, রক্ষণশীল, সাদা: পবিত্রতা, পরিচ্ছন্নতা, আলো, তুষার,<br>খয়েরী: নির্ভরতা, বসন্ত, প্রকৃতি, |  |

প্রয়োজনীয় উপকরণসমুহের সচিত্র বর্ণনা

মেকাপ কিট:








**পর্যায়ক্রমিক প্রক্রিয়া**

- মেকআপ স্টাইল নির্ধারন : প্রথমেই ক্লায়েন্টের স্কিন টাইপ এবং স্কিন টোন বিবেচনা করে সেকআপের ধরন নির্ধারণ করুন।
- **ওয়ার্মিং আপ**: গ্রাহককে মানষিক ও শারীরিকভাবে প্রস্তুত করে নেওয়াকে ওয়ার্মিং আপ বলে। ড্রাই ম্যাসাজের মাধ্যমে এই ধাপ সম্পন্ন করুন। শেষে হেয়ার ব্যান্ড পরিয়ে পরবর্তী ধাপের জন্য প্রস্তুত করা হবে।
- **ক্লিনজিং:** ত্বকের উপরাংশের ঘাম, ধ,লিকনা বা প্রসাধনী অপসারনের জন্য ক্লিনজিং করা হয়। ত্বক অনুযায়ী প্রযোজ্য ক্লিনজার দ্বারা ম্যাসাজের মাধ্যমে তা করা হয়।
- **টোনিং :** ত্বকের গভীর থেকে ধূলো ময়লা পরিষ্কার করার জন্য এবং তৈলাক্ততা দূর করার জন্য তুলা এবং টোনারের সাহায্যে টোনিং করা হয়।
- **ময়েশ্চারাইজিং :** ত্বকে আর্দ্রতার ভারসাম্য ও সুরক্ষা সৃষ্টির প্রক্রিয়া হলো ময়শ্চারাইজিং। ভালোভাবে ত্বককে পরিচ্ছন্ন করে নিয়ে ত্বকের উপযোগী ময়শ্চারাইজার আলতো ম্যাসাজের মাধ্যমে লাগাতে হয়।
- **প্রাইমার এপ্লিকেশন :** ত্বকের যে অংশে তৈলাক্তভাব বেশী থাকে বা ঘাম বেশী থাকে সে অংশে আঙ্গুলের সাহায্যে প্রাইমার দিয়ে প্রেফ (হালকাভাবে পরিষ্কার করা) করা হয়।
- **এ্যাপ্লাই কারেক্টর :** ত্বকে ব্রণের দাগ সহ অন্য যেকোন দাগ ঢাকতে কারেক্টর ব্যবহার করা হয়। এছাড়াও স্কিন টোন সমান করার জন্যেও কারেক্টর ব্যবহার করা হয়।
- **এ্যাপ্লাই ফাইন্ডেশন :** ত্বকের টোন এবং শেড অনুযায়ী ফাইন্ডেশন নির্ধারণ করুন। বিউটি ব্লেন্ডার ভিজিয়ে অথবা ফাইন্ডেশন ব্রাশ দিয়ে ত্বকে ফাইন্ডেশন লাগাতে হবে।
- **কনসিলার প্রয়োগ বা ব্যবহার :** ত্বকের টি-জোন ত্বকের হাইলাইটিং করার জন্য কনসিলার ব্যবহার করা হয়। ত্বকের থেকে এক শেড ব্রাইট কনসিলার নির্ধারণ করতে হয়। বিউটি ব্লেন্ডার দিয়ে কনিসিউলার ড্যাব ড্যাব করে লাগাতে হবে।
- **এ্যাপ্লাই লুজ পাউডার :** মেকআপাটাকে লক করার জন্য বানানা লুজ পাউডার বা অন্য কোন লুজ পাউডার ব্যবহার করা হয়। এক্ষেত্রে ব্রাশ এর সাহায্যে পাউডার দিয়ে মেকআপ লক করুন।
- **কনট্যুরিং :** ফেস ওভাল শেপ এ আনার জন্য কপালে, গালে, চোয়ালে, নাকের উপর শেপ কেটে কনট্যুরিং করা হয়। এরপর মেকআপব্রাশ অথবা বিউটি ব্লেন্ডারদিয়ে কনট্যুরিংটাকে ড্যাব ড্যাব করে বসাতে হবে।

- **আই-ব্রো আর্ট :** ভ্রু-পেন্সিল অথবা আই-ব্রো পমেট দিয়ে ব্রাশ এর সাহায্যে আই-ব্রো আর্ট করুন। এক্ষেত্রে ক্লায়েন্টের চাহিদা এবং ভ্রু শেপ বিবেচনা করুন।
- **আই-কনট্যুরিং শেড ব্যবহার** : চোখের আকৃতি বড় বা ছোট করার জন্য আই কনট্যুরিং শেড দিয়ে আই ব্রাশ এর সাহায্যে আই কনট্যুরিং করুন।
- **এ্যাপ্লাই আই শেডো (প্রয়োজন অনুযায়ী)** : আইশ্যাডো এর ব্যবহার প্রয়োজন অনুযায়ী নির্ধারন করুন। এক্ষেত্রে, ড্রেস বা শাড়ীর এর সাথে মিল রেখে চোখের সৌন্দর্য বাড়ানোর জন্য বিভিন্ন কালাররের আই শেডো ব্যবহার করুন। চোখের উপরের পাতায় আই ব্রাশের সাহায্যে আই শেডো লাগাতে হবে। একই ভাবে চোখের নীচের পাতাতেও আই শেডো লাগাতে হবে।
- **আইলাইনার ব্যবহার :** চোখের রেখা বা আকৃতি বৃদ্ধি করার জন্য চোখের পাতার উপরে আইলাইনার ব্যবহার করে চোখের নতুন আকার ফুটিয়ে তুলতে হবে।
- **নকল আইলেশ ব্যবহার :** নকল আইলেশ ব্যবহার করে চোখের পাপড়ী/আইলেশ ঘন, বড় এবং দীর্ঘায়িত করুন। এক্ষেত্রে আলগা আঠা ব্যবহার করুন।
- **কাজল ব্যবহার :** চোখের সৌন্দর্য বৃদ্ধি করার জন্য কাজল ব্যবহার করুন। এছাড়াও চোখ বড় করে তোলার জন্য বিভিন্ন রঙ্গের কাজল ব্যবহার করা হয়।
- **মাশকারা ব্যবহার :** চোকের পাপড়ী এবং আইলেশ শক্ত করে আটকে রাখার জন্য এবং কালো এর ঘনত্ব আরো বেশী করতে মাশকারা ব্যবহার করুন। এছাড়াও পাপড়ী বড় এবং বাকা করার জন্য মাশকারা ব্যবহার করুন।
- **ফেস ব্রাশ :** গালের অংশে কনট্যুরিং এর উপরে ফেস ব্রাশ এবং ব্রাশঅন ব্যবহার করে মুখের সৌন্দর্য আরো বৃদ্ধি করুন।
- হাইলাইটার : টি-জোনের উপররে অংশে (কপাল, নাক, ব্রাশনের উপরে, গাল এবয়ং চিবুক) হাইলাইটার দিয়ে হাইলাইটিং করুন।
- **লিপস্টিক ব্যবহার :** ড্রেসে এবং মেকআপের সাথে মিল রেখে ঠোটে বিভিন্ন ধরনের লিপস্টিক ব্যবহার করুন।

## ৩.৩. ফিনিশিং টাচ প্রয়োগের আগে ক্লায়েন্টের চাহিদা অনুযায়ী মেকআপের লুক পরীক্ষা করা

**ফিনিসিং টাচ এবং চেকআপ :** সম্পূর্ণ কাজ ভালোভাবে চেক করে দেখুন। চেক করা যেমন - মেকআপ ফেটে গেছে কিনা, কম বেশী আছে কিনা এবং ভালো ভাবে পরীক্ষা করে দেখুন।




**সেটিংস স্প্রে / মেকআপ সেটিং স্প্রে ব্যবহার :** অনেক সময় ধরে মেকআপ ধরে রাখতে সেটিং স্প্রে / মেকআপ সেটিং স্প্রে ব্যবহার করুন।

**কার্যকালীন সাবধানতা**

- প্রতিটি ক্লায়েন্টের কাজ শুরুর আগে সমস্ত ব্রাশ, পাফ এবং বিউটি ব্লেন্ডার জীবানুমুক্ত করুন।
- কাজের সময় টুলস নিচে পড়ে গেলে তা আর নেওয়া যাবে না।
- ভালো ব্লেন্ডিংয়ের জন্যমেকাপ শুরুর আগে ক্লায়েন্টকে ফেসওয়াশ করে নিতে বলতে হবে।
- বেইজ ভারী হয়ে গেলে তা বারংবার পাফিংয়ের মাধ্যমে কমিয়ে নিতে হবে।
- বেইজ করার সময়ঠোঁটকে বাদ দেওয়া যাবে না। নতুবা লিপস্টিক স্থায়ী হবেনা।
- হাত ও বিউটিব্লেন্ডার/পাফ ব্যাবহারের ক্ষেত্রে সতর্ক থাকতে হবে। কারন কাজের সময় তাতে নানানভাবে রঙ লাগতে পারে যেটা কোনওভাবে ত্বকে লাগলে বেস মেকাপ নষ্ট হয়ে যেতে পারে।

## ৩.৪. ফিক্সিং স্প্রে/মেকআপ সেটিং স্প্রে দিয়ে লুক সম্পন্ন করা

**সেটিং স্প্রে** হলো মেকআপের জগতে এক ধরনের জাদুকরী ছোঁয়া। এটি আপনার মেকআপকে সারা দিন ধরে ফ্রেশ ও টেকসই করে রাখতে সাহায্য করে। আপনি যদি চান আপনার মেকআপ দীর্ঘক্ষণ ধরে ঠিক থাকুক, তাহলে সেটিং স্প্রে ব্যবহার করা অত্যন্ত জরুরী।



**সেটিং স্প্রে কীভাবে ব্যবহার করবেন?**

ক. **মেকআপ সম্পূর্ণ করুন:** প্রথমে আপনার পুরো মেকআপ সম্পূর্ণ করে নিন। ফাউন্ডেশন, কনসিলার, ব্লাশ অন, লিপস্টিক সব কিছু লাগিয়ে নিন।

খ. **দূরত্ব বজায় রাখুন:** সেটিং স্প্রে বোতলটি মুখ থেকে প্রায় ৮-১০ ইঞ্চি দূরে ধরে রাখুন।

গ. **ছিটিয়ে দিন:** আঁখা বন্ধ করে স্প্রেটি মুখের উপর হালকাভাবে ছিটিয়ে দিন। খুব কাছ থেকে স্প্রে করবেন না, নাহলে মেকআপ ছড়িয়ে পড়তে পারে।

ঘ. **শুকানোর জন্য অপেক্ষা করুন:** স্প্রেটি শুকিয়ে যাওয়ার জন্য কয়েক সেকেন্ড অপেক্ষা করুন। তারপর আপনার মেকআপ একেবারে সেট হয়ে যাবে।

**সেটিং স্প্রে ব্যবহারের সুবিধা**

- **মেকআপ দীর্ঘস্থায়ী:** সেটিং স্প্রে আপনার মেকআপকে ঘাম, তেল এবং আর্দ্রতার প্রভাব থেকে রক্ষা করে।

- **মেকআপ ফ্রেশ রাখে:** সারা দিন আপনার মেকআপ ফ্রেশ ও নতুনের মতো লাগবে।
- **মেকআপ স্মিজ করে:** যদি আপনার মেকআপে কোনো দাগ বা ছোপ থাকে, সেটিং স্প্রে সেগুলোকে মিশিয়ে দেয়।
- **মেকআপকে আরও স্থিতিশীল করে:** সেটিং স্প্রে আপনার মেকআপকে সারা দিন ধরে একই রকম রাখতে সাহায্য করে।

**বিভিন্ন ধরনের সেটিং স্প্রে**

সেটিং স্প্রে বিভিন্ন ধরনের হয়। আপনার ত্বকের ধরন এবং মেকআপের প্রয়োজন অনুযায়ী আপনি উপযুক্ত সেটিং স্প্রে বেছে নিতে পারেন।

- **ম্যাট সেটিং স্প্রে:** তৈলাক্ত ত্বকের জন্য উপযুক্ত। এটি মেকআপকে ম্যাট ফিনিশ দেয় এবং তেলকে শোষণ করে।
- **ডিউই সেটিং স্প্রে:** শুষ্ক ত্বকের জন্য উপযুক্ত। এটি মেকআপকে ডিউই ফিনিশ দেয় এবং ত্বককে হাইড্রেট করে।
- **লং-লাস্টিং সেটিং স্প্রে:** যারা দীর্ঘক্ষণ ধরে মেকআপ টিকিয়ে রাখতে চান তাদের জন্য উপযুক্ত।
- **ভলুমাইজিং সেটিং স্প্রে:** যারা মেকআপকে আরও ভলিউম দিতে চান তাদের জন্য উপযুক্ত।

## ৩.৫ রিটাচ এবং মেকআপ রিমুভের উপযুক্ত উপকরণ এবং পদ্ধতি সম্পর্কে ক্লায়েন্টকে পরামর্শ দেয়া

**এডভাইজিং:** মেকআপ সেটআপ এবং ফিক্সড হবার পরবর্তী ধাপ হলো ক্লায়েন্টকে রি-টাচ এবং রিমুভ করার ব্যাপারে অবগত করা।

সাধারণত নিম্নের বিষয়গুলো বলতে হবে

- **রিটাচ করার ক্ষেত্রে :** পাউডার/লুজ পাউডার মাখান একটি পাফ সঙ্গে রাখতে হবে এবং প্রয়োজন হলে ব্যবহার করুন।
- **রিমুভ করার ক্ষেত্রে :** লোশন বা তেল ব্যবহার করে ম্যাসাজ করে মেকআপ ভালোভাবে রিমুভ করুন। ভালোভাবে রিমুভ না করলে অথবা মেকআপ থেকে গেলে ত্বকের রেশ বা ব্রণ ওঠার মম্ভাবনা বেশী হয়। মুখ ভালোভাবে পরিষ্কার করে ময়েশ্চারাইজার ব্যবহার করুন।

## সেলফ চেক (Self Check Sheet) ৩: মেকআপ সম্পাদন করা।

সঠিক উত্তর লিখুন।

১. **স্কিন টোন কি? স্কিন টোন কত প্রকার এবং কি কি?**
**উত্তর:**

২. **মেকআপ কি? প্রফেশনাল মেকআপ কেন জরুরী?**
**উত্তর:**

৩. **মেকআপ করার সময় কি কি সাবধানতা অবলম্বন করুন?**
**উত্তর:**

৪. **মেকআপ রিটাচ বা রিমুভ কিভাবে করুন?**
**উত্তর:**

৫. **নিচের মেকআপ ব্রাশগুলোর নাম লিখুন?**
**উত্তর:**



## উত্তরপত্র (Answer Key)- ৩: মেকআপ সম্পাদন করা।

১. **স্কিন টোন কি? স্কিন টোন কত প্রকার এবং কি কি?**
**উত্তর:** স্কিন টোন হল ত্বকের পৃষ্ঠের রঙ্গ। ত্বকের মধ্যে থাকা মেলানিন ত্বকের রঙ্গ নির্ধারন করে থাকে। চার প্রকারের স্কিন টোন হল : ১) ফেয়ার। ২) লাইট। ৩) মিডিয়াম। ৪) ডার্ক।

২. **মেকআপ কি? প্রফেশনাল মেকআপ কেন জরুরী?**
**উত্তর:** সৌন্দর্য্য প্রস্ফুটনের জন্য প্রসাধনী ব্যাবহারের মাধ্যমে ত্বকের ত্রুটিপ,র্ণ দিকগুলোকে কমিয়ে দিয়ে ও ত্রুটিহীন দিকগুলোকে বাড়িয়ে দিয়ে অবয়বে যে পরিবর্তন আনা হয় তার নাম মেকআপ। প্রফেশনাল মেকআপ এর প্রয়োজনীয়তা: মানুষ সৌন্দর্য্যরে প,জারী। প্রত্যেকেই নিজেকে সুন্দর করে তুলে ধরতে চায়। কিন্তু সঠিক জ্ঞান ও দক্ষতার অভাবে তা আর হয়ে উঠে না। যেসব জায়গায় সাজসজ্জার পুঙ্খানুপুঙ্খতা বজায় রাখা জরুরি সেসব ক্ষেত্রে তাই প্রফেশনালদের উপর নির্ভর করতেই হয়।

৩. **মেকআপ করার সময় কি কি সাবধানতা অবলম্বন করুন?**
**উত্তর:**

- প্রতিটি ক্লায়েন্টের কাজ শুরুর আগে সমস্ত ব্রাশ, পাফ এবং বিউটি ব্লেন্ডার জীবানুমুক্ত করুন।
- কাজের সময় টুলস নিচে পড়ে গেলে তা আর নেওয়া যাবে না।
- ভালো ব্লেন্ডিংয়ের জন্যমেকাপ শুরুর আগে ক্লায়েন্টকে ফেসওয়াশ করে নিতে বলতে হবে।
- বেইজ ভারী হয়ে গেলে তা বারংবার পাফিংয়ের মাধ্যমে কমিয়ে নিতে হবে।
- বেইজ করার সময়ঠোঁটকে বাদ দেওয়া যাবে না। নতুবা লিপস্টিক স্থায়ী হবেনা।
- হাত ও বিউটিব্লেন্ডার/পাফ ব্যাবহারের ক্ষেত্রে সতর্ক থাকতে হবে। কারন কাজের সময় তাতে নানানভাবে রঙ লাগতে পারে যেটা কোনওভাবে ত্বকে লাগলে বেস মেকাপ নষ্ট হয়ে যেতে পারে।

৪. **মেকআপ রিটাচ বা রিমুভ কিভাবে করুন?**
**উত্তর:** রিটাচ করার ক্ষেত্রে : পাউডার/লুজ পাউডার মাখান একটি পাফ সঙ্গে রাখতে হবে এবং প্রয়োজন হলে ব্যবহার করুন। রিমুভ করার ক্ষেত্রে :

- লোশন বা তেল ব্যবহার করে ম্যাসাজ করে মেকআপ ভালোভাবে রিমুভ করুন।
- ভালোভাবে রিমুভ না করলে অথবা মেকআপ থেকে গেলে ত্বকের রেশ বা ব্রণ ওঠার মম্ভাবনা বেশী হয়।
- মুখ ভালোভাবে পরিষ্কার করে ময়েশ্চারাইজার ব্যবহার করুন।

৫. **নিচের মেকআপ ব্রাশগুলোর নাম লিখুন?**
উত্তর:



## জব শিট (Job Sheet) ৩: অয়েলি স্কিনে ইভনিং মেকআপ করা

| | |
|---|---|
| কাজের নাম | **অয়েলি স্কিনে ইভনিং মেকআপ করা** |
| কাজের উদ্দেশ্য | অয়েলি স্কিনে ইভনিং মেকআপ করার জন্য ত্বকের উপযুক্ত প্রস্তুতি নেওয়া, প্রয়োজনীয় পিপিই ব্যবহার করে সঠিক মেকআপ টুলস ও টেকনিক প্রয়োগের মাধ্যমে ক্লায়েন্টের ত্বকে দীর্ঘস্থায়ী এবং সুন্দর মেকআপ প্রদান করা। এর মাধ্যমে ত্বকের অতিরিক্ত তেল নিয়ন্ত্রণে রাখা এবং ক্লায়েন্টের রূপে একটি প্রাকৃতিক, ম্যাট এবং গ্লোয়িং লুক তৈরি করা। |
| কাজের ধাপসমূহ/পদ্ধতি | ১. প্রথমে হাত এবং মেকআপ সরঞ্জামগুলি ভালোভাবে পরিষ্কার করুন।<br>২. ক্লায়েন্টের ত্বক পরিস্কার এবং শুকনো করুন, বিশেষ করে ত্বক যদি অয়েলি হয়, তবে এক্সফোলিয়েট করার পর ময়েশ্চারাইজার ব্যবহার করুন।<br>৩. মেকআপ করার আগে, অয়েলি স্কিনের জন্য উপযুক্ত প্রাইমার ব্যবহার করুন। এটি ত্বককে মসৃণ করে এবং তেলের পরিমাণ কমাতে সাহায্য করবে।<br>৪. ফাউন্ডেশন লাগানোর সময় ত্বকের সাথে মেলানো বেস ব্যবহার করুন এবং গ্লোয়ি ফিনিশ এড়াতে ম্যাট ফাউন্ডেশন ব্যবহার করুন।<br>৫. আইশ্যাডো এবং আইলাইনার ব্যবহার করুন, তবে লাইট ও সোফিস্টিকেটেড শেড বেছে নিন।<br>৬. আইল্যাশ কুরি এবং মাসকারা ব্যবহার করুন।<br>৭. স্কিনের অয়েলি সিম্নে, ম্যাট ব্লাশ ব্যবহার করুন।<br>৮. কনট্যুর করার জন্য একটি পাউডার কনট্যুর ব্যবহার করুন এবং হাইলাইটার এড়িয়ে চলুন, কারণ এটি অতিরিক্ত তেলের উপস্থিতি বাড়াতে পারে।<br>৯. মেকআপ ফিক্স করার জন্য মেট ফিনিশিং স্প্রে ব্যবহার করুন, যাতে মেকআপ দীর্ঘস্থায়ী হয় এবং তেল কম থাকে। |

## স্পেশিফিকেশন শিট (Specification Sheet) ৩: মেকআপ সম্পাদন করা ।

**প্রয়োজনীয় পিপিই**

| ক্রম | পিপিই এর নাম | একক | পরিমাণ |
|---|---|---|---|
| ১ | হ্যান্ড গ্লোভস | জোড়া | ১ |
| ২ | মাস্ক | পিস | ১ |
| ৩ | অ্যাপ্রন/গাউন | পিস | ১ |
| | | | |

**প্রয়োজনীয় টুলস**

| ক্রম | টুলস এর নাম | একক | পরিমাণ |
|---|---|---|---|
| ১ | ফাউন্ডেশন ব্রাশ | পিস | ১ |
| ২ | ব্লাশ ব্রাশ | পিস | ১ |
| ৩ | আইশ্যাডো ব্রাশ | পিস | ১ |
| ৪ | আইলাইনার ব্রাশ | পিস | ১ |
| ৫ | স্পঞ্জ (বিউটি ব্লেন্ডার) | পিস | ১ |

**প্রয়োজনীয় ইকুইপমেন্টস**

| ক্রম | নাম | একক | পরিমাণ |
|---|---|---|---|
| ১ | মেকআপ মিরর | পিস | ১ |
| ২ | ফ্যান ব্রাশ | পিস | ১ |
| ৩ | মেকআপ প্যালেট | পিস | ১ |

**প্রয়োজনীয় ম্যাটেরিয়াল**

| ক্রম | নাম | একক | পরিমাণ |
|---|---|---|---|
| ১ | প্রাইমার | পিস | ১ |
| ২ | ম্যাট ফাউন্ডেশন | পিস | ১ |
| ৩ | আইশ্যাডো | পিস | ১ |
| ৪ | ব্লাশ | পিস | ১ |
| ৫ | কনট্যুর পাউডার | পিস | ১ |
| ৬ | মেকআপ ফিক্সিং স্প্রে | পিস | ১ |

## শিখনফল (Learning Outcome) ৪: ক্লায়েন্ট ও কর্মক্ষেত্র পরিষ্কার করা।

| | |
|---|---|
| অ্যাসেসমেন্ট মানদন্ড | ১. অ্যাপ্রোন অপসারণ করতে সক্ষম হয়েছে এবং অবাঞ্ছিত অংশগুলি অপসারণের জন্য ব্রাশ/টিস্যু ব্যবহার করতে সক্ষম হয়েছে<br>২. ক্লায়েন্টের ব্যক্তিগত অ্যাক্সেসরিজগুলি ফেরত দিতে সক্ষম হয়েছে<br>৩. টুলস এবং ইকুইপমেন্ট পরিষ্কার এবং স্যানিটাইজ করতে সক্ষম হয়েছে<br>৪. কর্মক্ষেত্র পরিষ্কার করতে সক্ষম হয়েছে<br>৫. বর্জ্য পদার্থ কর্মক্ষেত্রের মান অনুযায়ী নিষ্কাশন করতে সক্ষম হয়েছে |
| শর্ত ও রিসোর্স | ১. প্রকৃত কর্মক্ষেত্রে অথবা প্রশিক্ষণ পরিবেশ<br>২. সিবিএলএম<br>৩. হ্যান্ডআউটস<br>৪. ল্যাপটপ<br>৫. মাল্টিমিডিয়া প্রজেক্টর<br>৬. কাগজ, কলম, পেন্সিল, ইরেজার<br>৭. ইন্টারনেট সুবিধা<br>৮. হোয়াইট বোর্ড ও মার্কার<br>৯. অডিও ভিডিও ভিভাইস |
| বিষয়বস্তু | ১. অপ্রোন অপসারণ করা এবং অবাঞ্ছিত অংশগুলি অপসারণ করা<br>২. ক্লায়েন্টের ব্যক্তিগত অ্যাক্সেসরিজগুলি ফেরত দেওয়া<br>৩. টুলস এবং ইকুইপমেন্ট পরিষ্কার এবং স্যানিটাইজ করা<br>৪. কর্মক্ষেত্র পরিষ্কার করা<br>৫. বর্জ্য পদার্থ কর্মক্ষেত্রের মান অনুযায়ী নিষ্কাশন করা |
| জব / টাস্ক / এক্টিভিটি | ১. মেকআপ সম্পাদন করার পর যন্ত্রপাতি ও উপকরণ পরিষ্কার ও জীবাণুমুক্ত করা |
| প্রশিক্ষণ পদ্ধতি | ১. আলোচনা (Discussion)<br>২. উপস্থাপন (Presentation)<br>৩. প্রদর্শন (Demonstration)<br>৪. নির্দেশিত অনুশীলন (Guided Practice)<br>৫. স্বতন্ত্র অনুশীলন (Individual Practice)<br>৬. প্রজেক্ট ওয়ার্ক (Project Work)<br>৭. সমস্যা সমাধান (Problem Solving)<br>৮. মাথাখাটানো (Brainstorming) |
| অ্যাসেসমেন্ট পদ্ধতি | ১. লিখিত অভীক্ষা (Written Test)<br>২. প্রদর্শন (Demonstration)<br>৩. মৌখিক প্রশ্ন (Oral Questioning)<br>৪. পোর্টফলিও (Portfolio) |

## শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -৪ : ক্লায়েন্ট ও কর্মক্ষেত্র পরিষ্কার করা।

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করুন। কার্যক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যবহার করুন।

| **শিখন কার্যক্রম (Learning Activities)** | **উপকরণ / বিশেষ নির্দেশনা (Resources / Special instructions)** |
|---|---|
| ১. প্রশিক্ষার্থীগন কোন শিক্ষা উপকরণ ব্যবহার করবে সে সম্পর্কে প্রশিক্ষকের নিকট জানতে চাইবে | ১. প্রশিক্ষক প্রশিক্ষনার্থীদের “ক্লায়েন্ট ও কর্মক্ষেত্র পরিষ্কার করা।” শেখার উপকরণ প্রদান করবেন |
| ২. ইনফরমেশন শিট পড়তে হবে। | ২. ইনফরমেশন শিট ৪ : ক্লায়েন্ট ও কর্মক্ষেত্র পরিষ্কার করা। |
| ৩. সেলফ চেকে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে। | ৩. সেল্ফ-চেক শিট ৪ -এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন।<br>উত্তরপত্র ৪ -এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন। |
| ৪. জব/টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন করুন। | ৪. নিম্নোক্ত জব/টাস্ক শিট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন করুন<br>টাস্ক শিট ৪: মেকআপ সম্পাদন করার পর যন্ত্রপাতি ও উপকরণ পরিষ্কার ও জীবাণুমুক্ত করা |

## ইনফরমেশন শিট (Information Sheet) ৪ : ক্লায়েন্ট ও কর্মক্ষেত্র পরিষ্কার করা।

**শিখন উদ্দেশ্য (Learning Objective):** এই ইনফরমেশন শীট পড়ে শিক্ষণার্থীগণ নিম্নোক্ত বিষয়গুলো ব্যাখ্যা করতে, বর্ণনা করতে ও তথ্যগুলো কাজে প্রয়োগ করতে পারবে-

৪.১. অ্যাপ্রোন অপসারণ করা এবং অবাঞ্ছিত অংশগুলি অপসারণের জন্য ব্রাশ/টিস্যু ব্যবহার করা
৪.২. ক্লায়েন্টের ব্যক্তিগত অ্যাক্সেসরিজগুলি ফেরত দেয়া
৪.৩. টুলস এবং ইকুইপমেন্ট পরিষ্কার এবং স্যানিটাইজ করা
৪.৪. কর্মক্ষেত্র পরিষ্কার করা
৪.৫. বর্জ্য পদার্থ কর্মক্ষেত্রের মান অনুযায়ী নিষ্কাশন করা

### ৫.১. অ্যাপ্রোন অপসারণ করা এবং অবাঞ্ছিত অংশগুলি অপসারণের জন্য ব্রাশ/টিস্যু ব্যবহার করা

মেকআপ সম্পন্ন করার পর ক্লায়েন্টের শরীরের উপর থেকে অপ্রয়োজনীয় সামগ্রী সরিয়ে ফেলা এবং এপ্রোন খুলে নেওয়া।

**পদ্ধতি**

- ক্লায়েন্টের শরীর থেকে অপ্রয়োজনীয় সামগ্রী সরানো: কাজ শেষ হওয়ার পর, ক্লায়েন্টের শরীর থেকে যেকোনো অবশিষ্ট উপকরণ, কনটেন্ট, বা অবাঞ্ছিত সামগ্রী তুলে ফেলুন। নিশ্চিত করুন যে ক্লায়েন্টের শরীরে কোনো ময়লা বা গ্রীস নেই।
- এপ্রোন খুলে নেওয়া: ক্লায়েন্টের গায়ে পরে থাকা এপ্রোনটি সতর্কতার সাথে খুলুন। এপ্রোনটি খুলে নেওয়ার পর তা ভালভাবে পরিস্কার এবং জীবাণুমুক্ত করার জন্য আলাদা করুন।
- অপ্রয়োজনীয় সামগ্রী সরানো: মেকআপ সেশনের পর ব্যবহৃত যেকোনো অপ্রয়োজনীয় সামগ্রী যেমন কাটা নখ, ব্যবহার করা উপকরণ ইত্যাদি সরিয়ে ফেলুন। এসব সামগ্রী সঠিকভাবে নিষ্পত্তি করুন।
- নিরাপত্তা এবং পরিচ্ছন্নতা নিশ্চিত করা: ক্লায়েন্টের সান্ত্বনা ও নিরাপত্তা নিশ্চিত করতে অপ্রয়োজনীয় সামগ্রী সরানোর পরে নিশ্চিত করুন যে সমস্ত কাজ পরিষ্কার ও সুরক্ষিত।

এই পদক্ষেপগুলি ম্যানিকিউর বা পেডিকিউরের পরে ক্লায়েন্টের পরিষ্কার এবং নিরাপদ অভিজ্ঞতা নিশ্চিত করতে সহায়ক।

### ৫.২. ক্লায়েন্টের ব্যক্তিগত অ্যাক্সেসরিজগুলি ফেরত দেয়া

ক্লায়েন্টের খুলে নেওয়া গহনা ফেরৎ দেওয়া এবং প্রয়োজন হলে পূর্বের অবস্থায় ফেরানো।

**পদ্ধতি**

- **অলংকার সংগ্রহ করা:** ক্লায়েন্টের গহনা নিরাপদভাবে আলাদা করুন এবং যত্নের সাথে সংগ্রহ করুন। যে গহনা ক্লায়েন্ট খুলে নিয়েছেন তা সঠিকভাবে পরীক্ষা করুন এবং নিশ্চিত করুন যে কিছুই হারায়নি।
- **গহনা ফেরৎ দেওয়া:** ক্লায়েন্টকে গহনা ফেরৎ দিন। গহনা ফেরত দেওয়ার সময় ক্লায়েন্টের কাছে নিশ্চিত করুন যে সবকিছু সঠিক এবং পূর্ণ। যদি গহনা ফেরৎ দেওয়ার আগে কোন ত্রুটি বা সমস্যা থাকে, তা ক্লায়েন্টকে জানান।
- **প্রয়োজনে গহনা পরানো**: ক্লায়েন্টের ইচ্ছা অনুযায়ী, ফেরৎ দেওয়ার সময় গহনা পুনরায় পরানোর জন্য সহায়তা করুন। গহনা পরানোর সময়, সাবধানে এবং সঠিকভাবে সেটি পরিয়ে দিন।
- **নিরাপত্তা এবং সতর্কতা:** ক্লায়েন্টের গহনা ফেরত দেওয়ার সময় সতর্কতা অবলম্বন করুন যেন কোন ক্ষতি না হয়। গহনার সুরক্ষা নিশ্চিত করতে আপনার কাজের জায়গা পরিষ্কার এবং সুশৃঙ্খল রাখুন।

এই পদক্ষেপগুলি ক্লায়েন্টের গহনা নিরাপদভাবে এবং সঠিকভাবে ফেরত দেওয়ার প্রক্রিয়াকে সহজ এবং কার্যকরী করবে।

## ৫.৩. টুলস এবং ইকুইপমেন্ট পরিষ্কার এবং স্যানিটাইজ করা

মেকআপ সম্পন্ন করার পর ব্যবহৃত যন্ত্রপাতি এবং উপকরণ পরিষ্কার ও জীবাণুমুক্ত করা।

**পদ্ধতি**

- **যন্ত্রপাতি সংগ্রহ করা:** মেকআপ শেষে ব্যবহৃত সমস্ত যন্ত্রপাতি যেমন কিটস, ব্রাশ, পাফ, ও অন্যান্য সরঞ্জাম সংগ্রহ করুন।
- **প্রাথমিক পরিষ্কার করা:** যন্ত্রপাতি বা উপকরণগুলির ওপর থেকে সকল ময়লা বা অবশিষ্ট উপাদান পরিষ্কার করুন। জল দিয়ে ধোয়ার আগে কিছু সময় উপকরণগুলো ভিজিয়ে রাখুন যাতে সহজে পরিষ্কার হয়।
- **ধোয়া:** উষ্ণ সাবানযুক্ত পানি ব্যবহার করে যন্ত্রপাতি ভালোভাবে ধোয়ার প্রক্রিয়া শুরু করুন। সব অংশ, বিশেষ করে এমন স্থান যেখানে ময়লা বা উপাদান আটকে থাকতে পারে, সঠিকভাবে ধোয়া নিশ্চিত করুন।
- **জীবাণুমুক্ত করা**: ধোয়ার পর, যন্ত্রপাতি জীবাণুমুক্ত করার জন্য প্রযোজ্য জীবাণুনাশক দ্রব্য ব্যবহার করুন। জীবাণুনাশক স্প্রে, সল্যুশন বা ভাপ দিয়ে যন্ত্রপাতি জীবাণুমুক্ত করুন। প্রমাণীকরণের জন্য, কিছু সময়ের জন্য জীবাণুনাশক দ্রব্যে রেখে দিন, অথবা প্রাপ্ত নির্দেশনা অনুসরণ করুন।
- **শুকানো:** পরিষ্কার ও জীবাণুমুক্ত করা যন্ত্রপাতি ও উপকরণগুলো একটি পরিষ্কার কাপড় দিয়ে মুছে বা বাতাসে শুকাতে দিন। নিশ্চিত করুন যে যন্ত্রপাতি পুরোপুরি শুকনো হয়ে গেছে।
- **সংরক্ষণ:** পরিষ্কার ও জীবাণুমুক্ত করা যন্ত্রপাতি সঠিকভাবে সংরক্ষণ করুন। একটি পরিষ্কার ও শুকনো স্থানে রাখুন যাতে ভবিষ্যতে ব্যবহারের জন্য প্রস্তুত থাকে।
- **পরিস্কার ও নিরাপত্তা:** আপনার কাজের স্থান পরিষ্কার ও সুশৃঙ্খল রাখতে ভুলবেন না, যেন যন্ত্রপাতি এবং উপকরণ যথাযথভাবে ব্যবহৃত হয় এবং কোন বিপদ না হয়।

এই পদক্ষেপগুলি ম্যানিকিউর বা পেডিকিউরের পর যন্ত্রপাতি এবং উপকরণ পরিষ্কার ও জীবাণুমুক্ত করার প্রক্রিয়াকে সঠিকভাবে সম্পন্ন করতে সহায়তা করবে।

## ৫.৪. কর্মক্ষেত্র পরিষ্কার করা

মেকআপ সেশনের পর কাজের জায়গা পরিষ্কার করা এবং সুশৃঙ্খল রাখা।

**পদ্ধতি**

- **প্রাথমিক পরিষ্কার**: কাজ শেষ হওয়ার পর, প্রথমে বৃহত্তম ময়লা বা অবশিষ্ট উপকরণগুলো সরিয়ে ফেলুন। সমস্ত অব্যবহৃত সামগ্রী এবং উপকরণগুলি সংগ্রহ করে সঠিক স্থানে রাখুন।
- **মেঝে পরিষ্কার করা:** কাজের জায়গার মেঝে ঝাড়ু দিয়ে পরিষ্কার করুন, যাতে ধুলা ও ময়লা পরিষ্কার হয়ে যায়। যদি মেঝে বিশেষভাবে ময়লা হয়ে থাকে, তবেএকটি মপ দিয়ে জল ও ক্লিনিং সল্যুশন ব্যবহার করে মুছুন।
- **টেবিল ও অন্যান্য পৃষ্ঠ পরিষ্কার করা:** ম্যানিকিউর বা পেডিকিউরের বোল টেবিল ও অন্যান্য পৃষ্ঠ এলাকা পানিমুক্ত করে পরিষ্কার করুন। একটি স্যানিটারি ক্লিনিং সল্যুশন ব্যবহার করে পুরো পৃষ্ঠ মুছে ফেলুন, বিশেষ করে যেখানে পণ্য ব্যবহার করা হয়েছে।
- **উপকরণ সংরক্ষণ:** ব্যবহৃত উপকরণগুলি পরিষ্কার করার পরে সঠিকভাবে সংরক্ষণ করুন। প্রতিটি উপকরণ ও সরঞ্জাম তাদের নির্দিষ্ট জায়গায় রাখুন যাতে সহজে পাওয়া যায় এবং পরবর্তী ব্যবহারের জন্য প্রস্তুত থাকে।
- **কাজের স্থান পুনঃপরীক্ষা**: কাজের স্থান সম্পূর্ণ পরিষ্কার হওয়ার পর, আবার একবার পরীক্ষা করুন যেন কোনো ময়লা বা অবশিষ্ট উপকরণ না থাকে। প্রয়োজন হলে অতিরিক্ত পরিষ্কার করার জন্য পুনরায় কাজ করুন।

- **বর্জ্য নিষ্পত্তি:** ম্যানিকিউর বা পেডিকিউরের পর জমে থাকা সমস্ত বর্জ্য সঠিকভাবে নিষ্পত্তি করুন। বর্জ্য বস্তা বা ডাষ্টবিন ব্যবহার করে সবকিছু অপসারণ করুন।
- **নিরাপত্তা এবং সুশৃঙ্খলা**: নিশ্চিত করুন যে কাজের স্থান নিরাপদ এবং সুশৃঙ্খল। ক্লায়েন্টের অভিজ্ঞতা নিশ্চিত করার জন্য পরিষ্কার ও প্রফেশনাল পরিবেশ বজায় রাখুন।

এই পদক্ষেপগুলি কাজের জায়গা পরিষ্কার রাখার প্রক্রিয়াটি সঠিকভাবে সম্পন্ন করতে সহায়তা করবে এবং একটি পেশাদার ও পরিষ্কার পরিবেশ নিশ্চিত করবে।

## ৫.৫. বর্জ্য পদার্থ কর্মক্ষেত্রের মান অনুযায়ী নিষ্কাশন করা

**মেকআপ সেশনের পর বিভিন্ন ধরনের আবর্জনা সঠিকভাবে নিষ্পত্তি করা।**

**পদ্ধতি**

- আবর্জনার শ্রেণীবিভাজন: কাজ শেষে আবর্জনাগুলি বিভিন্ন ক্যাটেগরিতে ভাগ করুন। যেমন:
  - কাঁচা উপকরণ: ফুলের পাপড়ি, সাবান, অন্যান্য প্রাকৃতিক উপকরণ।
  - ব্যবহৃত উপকরণ: পায়ের কাটা নখ, মাসাজ উপকরণ, তুলা।
  - প্রয়োজনীয় সামগ্রী: প্লাস্টিক, কাঁচ, অথবা অন্যান্য পুনঃব্যবহারযোগ্য সামগ্রী।
- উপযুক্ত ডাস্টবিন নির্বাচন:
  - কাঁচা উপকরণের জন্য: একটি নিত্যপ্রয়োজনীয় ডাস্টবিন ব্যবহার করুন যা সহজে পরিষ্কার করা যায় এবং পচনশীল উপকরণ ধরে রাখতে সক্ষম।
  - ব্যবহৃত উপকরণের জন্য: আলাদা ডাস্টবিন ব্যবহার করুন, যা সহজে রিসাইকেল বা নিষ্পত্তি করা যায়।
  - অন্য সব আবর্জনার জন্য: সাধারণ আবর্জনার ডাস্টবিন ব্যবহার করুন।
- আবর্জনা নিষ্পত্তি
  - সমস্ত আবর্জনা নির্ধারিত ডাস্টবিনে ফেলুন।
  - নিশ্চিত করুন যে কাঁচা উপকরণ যেমন ফুলের পাপড়ি বা পচনশীল উপকরণ পৃথকভাবে ফেলা হচ্ছে, এবং অন্য ব্যবহৃত উপকরণও সঠিকভাবে নিষ্পত্তি করা হচ্ছে।
- ডাস্টবিনের পরিচ্ছন্নতা:
  - কাজ শেষে ডাস্টবিনগুলির অবস্থা চেক করুন এবং প্রয়োজন হলে পরিষ্কার করুন।
  - ডাস্টবিনের জন্য উপযুক্ত কভার ব্যবহার করুন যেন আবর্জনা বাইরে না পড়ে এবং পরিবেশ পরিষ্কার থাকে।
- নিরাপত্তা এবং সুশৃঙ্খলা
  - নিশ্চিত করুন যে ডাস্টবিন এবং কাজের স্থান পরিষ্কার এবং সুশৃঙ্খল রয়েছে।
  - কোনো ধরনের আবর্জনা বা ময়লা যেন পরিবেশকে নষ্ট না করে তা নিশ্চিত করুন।

এই পদক্ষেপগুলি আবর্জনার সঠিকভাবে নিষ্পত্তি করার প্রক্রিয়াটি সঠিকভাবে সম্পন্ন করতে সহায়তা করবে এবং একটি পরিচ্ছন্ন ও সুশৃঙ্খল পরিবেশ নিশ্চিত করবে।

## সেলফ চেক শিট (Self-Check Sheet)-৪.১: ক্লায়েন্ট ও কর্মক্ষেত্র পরিষ্কার করা।

সঠিক উত্তর লিখুন।

**১. মেকআপ সম্পন্ন করার পর ক্লায়েন্টের শরীর থেকে অপ্রয়োজনীয় সামগ্রী সরানোর পর কী করুন?**
**উত্তর:**

ক. ক্লায়েন্টের গহনা ফেরত দেওয়া
খ. এপ্রোন খুলে নেওয়া
গ. যন্ত্রপাতি পরিষ্কার করা
ঘ. কাজের জায়গা পরিষ্কার করা

**২. ক্লায়েন্টের গহনা ফেরত দেওয়ার সময় কীভাবে নিশ্চিত করা উচিত?**
**উত্তর:**

ক. গহনার সংখ্যা গুনে দেখার মাধ্যমে
খ. গহনা পুনরায় পরিয়ে দেওয়া
গ. গহনার সঠিকতা নিশ্চিত করা
ঘ. গহনা সংগ্রহ করা

**৩. যন্ত্রপাতি পরিষ্কার করার পর কী করুন?**
**উত্তর:**

ক. যন্ত্রপাতি শুকানোর জন্য রেখে দেওয়া
খ. জীবাণুনাশক দ্রব্য ব্যবহার করা
গ. যন্ত্রপাতি সঠিকভাবে সংরক্ষণ করা
ঘ. সমস্ত উক্ত কাজ করা

**৪. কাজ শেষে মেঝে পরিষ্কার করার জন্য কী ব্যবহার করা উচিত?**
**উত্তর:**

ক. একটি মপ এবং ক্লিনিং সল্যুশন
খ. ঝাড়ু
গ. একটি শুকনো কাপড়
ঘ. শুধু জল

**৫. আবর্জনার ভিন্নতা অনুযায়ী উপযুক্ত ডাস্টবিনে কীভাবে আবর্জনা ফেলবেন?**
**উত্তর:**

ক. কাঁচা উপকরণ, ব্যবহৃত উপকরণ এবং পুনঃব্যবহারযোগ্য সামগ্রী আলাদা করে ফেলতে হবে
খ. সব আবর্জনা একত্রে ফেলা উচিত
গ. কেবল কাঁচা উপকরণ ফেলতে হবে
ঘ. ব্যবহৃত উপকরণ আলাদা করে ফেলতে হবে

## উত্তর পত্র (Answer Key)- ৪.১: ক্লায়েন্ট ও কর্মক্ষেত্র পরিষ্কার করা।

**১. মেকআপ সম্পন্ন করার পর ক্লায়েন্টের শরীর থেকে অপ্রয়োজনীয় সামগ্রী সরানোর পর কী করুন?**

ক. ক্লায়েন্টের গহনা ফেরত দেওয়া

খ. এপ্রোন খুলে নেওয়া

গ. যন্ত্রপাতি পরিষ্কার করা

ঘ. কাজের জায়গা পরিষ্কার করা

**উত্তর:** এপ্রোন খুলে নেওয়া

**২. ক্লায়েন্টের গহনা ফেরত দেওয়ার সময় কীভাবে নিশ্চিত করা উচিত?**

ক. গহনার সংখ্যা গুনে দেখার মাধ্যমে

খ. গহনা পুনরায় পরিয়ে দেওয়া

গ. গহনার সঠিকতা নিশ্চিত করা

ঘ. গহনা সংগ্রহ করা

**উত্তর:** গহনার সঠিকতা নিশ্চিত করা

**৩. যন্ত্রপাতি পরিষ্কার করার পর কী করুন?**

ক. যন্ত্রপাতি শুকানোর জন্য রেখে দেওয়া

খ. জীবাণুনাশক দ্রব্য ব্যবহার করা

গ. যন্ত্রপাতি সঠিকভাবে সংরক্ষণ করা

ঘ. সমস্ত উক্ত কাজ করা

**উত্তর:** সমস্ত উক্ত কাজ করা

**৪. কাজ শেষে মেঝে পরিষ্কার করার জন্য কী ব্যবহার করা উচিত?**

ক. একটি মপ এবং ক্লিনিং সল্যুশন

খ. ঝাড়ু

গ. একটি শুকনো কাপড়

ঘ. শুধু পানি

**উত্তর:** একটি মপ এবং ক্লিনিং সল্যুশন

**৫. আবর্জনার ভিন্নতা অনুযায়ী উপযুক্ত ডাস্টবিনে কীভাবে আবর্জনা ফেলবেন?**

ক. কাঁচা উপকরণ, ব্যবহৃত উপকরণ এবং পুনঃব্যবহারযোগ্য সামগ্রী আলাদা করে ফেলতে হবে

খ. সব আবর্জনা একত্রে ফেলা উচিত

গ. কেবল কাঁচা উপকরণ ফেলতে হবে

ঘ. ব্যবহৃত উপকরণ আলাদা করে ফেলতে হবে

**উত্তর:** কাঁচা উপকরণ, ব্যবহৃত উপকরণ এবং পুনঃব্যবহারযোগ্য সামগ্রী আলাদা করে ফেলতে হবে

**টাস্ক শিট (Task Sheet) ৪: মেকআপ সম্পাদন করার পর যন্ত্রপাতি ও উপকরণ পরিষ্কার ও জীবাণুমুক্ত করা**

| | |
|---|---|
| কাজের নাম | **মেকআপ সম্পাদন করার পর যন্ত্রপাতি ও উপকরণ পরিষ্কার ও জীবাণুমুক্ত করা** |
| কাজের উদ্দেশ্য | মেকআপ সম্পাদন করার পর ব্যবহৃত যন্ত্রপাতি, সরঞ্জাম এবং উপকরণগুলো পরিষ্কার এবং জীবাণুমুক্ত করা, যাতে পরবর্তী ব্যবহারের জন্য সেগুলি নিরাপদ থাকে এবং যেকোনো ধরনের ব্যাকটেরিয়া বা অ্যালার্জিক প্রতিক্রিয়া এড়ানো যায়। |
| পিপিই | হ্যান্ড গ্লোভস, মাস্ক, অ্যাপ্রন |
| টুলস এবং সরঞ্জাম | মেকআপ ব্রাশ, স্পঞ্জ, মেকআপ প্যালেট, আইশ্যাডো ব্রাশ, ফাউন্ডেশন ব্রাশ, ব্লাশ ব্রাশ, কটন প্যাড, টিস্যু, মেকআপ রিমুভার |
| কাজের ধাপসমূহ/পদ্ধতি | ১. প্রথমে হাত এবং মেকআপ সরঞ্জামগুলি ভালোভাবে পরিষ্কার করুন।<br>২. ক্লায়েন্টের ত্বক পরিস্কার এবং শুকনো করুন, বিশেষ করে ত্বক যদি অয়েলি হয়, তবে এক্সফোলিয়েট করার পর ময়েশ্চারাইজার ব্যবহার করুন।<br>৩. মেকআপ করার আগে, অয়েলি স্কিনের জন্য উপযুক্ত প্রাইমার ব্যবহার করুন। এটি ত্বককে মসৃণ করে এবং তেলের পরিমাণ কমাতে সাহায্য করবে।<br>৪. ফাউন্ডেশন লাগানোর সময় ত্বকের সাথে মেলানো বেস ব্যবহার করুন এবং গ্লোয়ি ফিনিশ এড়াতে ম্যাট ফাউন্ডেশন ব্যবহার করুন।<br>৫. আইশ্যাডো এবং আইলাইনার ব্যবহার করুন, তবে লাইট ও সোফিস্টিকেটেড শেড বেছে নিন।<br>৬. আইল্যাশ কুরি এবং মাসকারা ব্যবহার করুন।<br>৭. স্কিনের অয়েলি সিম্নে, ম্যাট ব্লাশ ব্যবহার করুন।<br>৮. কনট্যুর করার জন্য একটি পাউডার কনট্যুর ব্যবহার করুন এবং হাইলাইটার এড়িয়ে চলুন, কারণ এটি অতিরিক্ত তেলের উপস্থিতি বাড়াতে পারে।<br>৯. মেকআপ ফিক্স করার জন্য মেট ফিনিশিং স্প্রে ব্যবহার করুন, যাতে মেকআপ দীর্ঘস্থায়ী হয় এবং তেল কম থাকে। |

# দক্ষতা পর্যালোচনা (Review of Competency)

| প্রশিক্ষণার্থীর জন্য নির্দেশনা: প্রশিক্ষণার্থী  নিম্নোক্ত দক্ষতা প্রমাণ করতে সক্ষম হলে নিজেই কর্মদক্ষতা মূল্যায়ন করবে এবং সক্ষম হলে “হ্যাঁ” এবং সক্ষমতা অর্জিত না হলে “না” বোধক ঘরে টিকচিহ্ন দিন। | | |
|---|---|---|
| কর্মদক্ষতা মূল্যায়নের মানদন্ড | হ্যাঁ | না |
| অকুপেশনাল সেফটি এন্ড হেলথ (ওএসএইচ) মেনে চলা এবং পিপিই ব্যবহার করা হয়েছে। | | |
| যন্ত্রপাতি, সরঞ্জাম এবং উপকরণসমূহ নির্বাচন করা এবং সাজান হয়েছে। | | |
| ব্যক্তিগত পরিধেয় জিনিসপত্র (অলংকার / গহণা) সরান / খুলে নেওয়া হয়েছে। | | |
| সুনির্দিষ্ট ধরনের মেকআপ নির্ধারন করার জন্য ক্লায়েন্টের সাথে পরামর্শ করা হয়েছে। | | |
| ক্লায়েন্ট একটি আরামদায়ক অবস্থানে বসান হয়েছে। | | |
| ক্লায়েন্ট প্রটেকটিভ ক্লোথিং/প্রতিরক্ষামূলক পোশাক সরবরাহ করা ব্যবহার করা হয়েছে। | | |
| মুখমন্ডলের আকৃতি, ত্বকের ধরন এবং ত্বকের টোন বিশ্লেষণ করা হয়েছে এবং মেকআপ নির্ধারণ করা হয়েছে। | | |
| গ্রহণযোগ্য পদ্ধতি অনুসরণ করে মেকআপ এ্যাপ্লিকেশন সম্পাদন করা হয়েছে। | | |
| ফিনিশিং টাচ দেবার আগে মেকআপ রেজাল্ট পরীক্ষা করা হয়েছে। | | |
| ফিক্সিং স্প্রে/মেকআপ সেটিংস স্প্রে দিয়ে মুখে মেকআপ ফিক্সড করা হয়েছে। | | |
| মেকআপ রি-টাচ এবং রিমুভ করার ক্ষেত্রে সঠিক প্রোডাক্ট এবং পদ্ধতি সম্পর্কে ক্লায়েন্টকে পরামর্শ দেওয়া হয়েছে। | | |
| এপ্রোন অপসারণ করা হয়েছে এবং অবাঞ্ছিত চুলগুলো অপসারণ করার জন্য ব্রাশ / টিস্যু ব্যবহার করা হয়েছে। | | |
| ব্যাক্তিগত পরিধেয় জিনিসপত্র ক্লায়েন্টকে ফেরত দেওয়া হয়েছে। | | |
| যন্ত্রপাতি এবং সরঞ্জামগুলো পরিষ্কার এবং স্যানিটাইজ/জীবাণুমুক্ত করা হয়েছে। | | |
| কর্মক্ষেত্র পরিষ্কার করা হয়েছে। | | |
| কর্মক্ষেত্রে মান/স্ট্যান্ডার্ট অনুযায়ী বর্জ্য পদার্থ নিষ্পত্তি করা হয়েছে। | | |

আমি (প্রশিক্ষণার্থী) এখন আমার আনুষ্ঠানিক যোগ্যতা মূল্যায়ন করতে নিজেকে প্রস্তুত বোধ করছি।

স্বাক্ষর ও তারিখঃ

প্রশিক্ষকের স্বাক্ষর ও তারিখঃ

## রেফারেন্স


১. **Making Faces** by Kevyn Aucoin (1992)
২. **Face Forward** by Kevyn Aucoin (2002)
৩. **The Art of Makeup** by Bobbi Brown (2001)
৪. **Makeup: The Ultimate Guide** by Rae Morris (2006)

# সিবিএলএম প্রনয়ন

“মেকআপ সম্পাদন করণ” (অকুপেশন: বিউটিফিকেশন) শীর্ষক কমপিটেন্সি বেসড লার্নিং ম্যাটারিয়াল (সিবিএলএম) টি জাতীয় দক্ষতা সনদায়নের নিমিত্ত জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক সমাহার কনসালটেন্টস লি: এর সহায়তায় প্যাকেজ SD-9C (তারিখ: ১৫ জানুয়ারী ২০২৪) এর অধিনে ২০২৪ এর আগষ্ট মাসে প্রণয়ন করা হয়েছে।

| **ক্রমিক নং** | **নাম ও ঠিকানা** | **পদবি** | **মোবাইল নম্বর ও ইমেইল** |
|---|---|---|---|
| ০১ | জুলেখা শাহিন | লেখক | ০১৭১৬৪৯০৩৪৩<br>parthibgallery@gmail.com |
| ০২ | সুরাইয়া বেগম | সম্পাদক | ০১৭২০৬৯৬৫৬১<br>suraiyabegum70@gmail.com |
| ০৩ | খান মোহাম্মদ মাহমুদ হাসান | কো – অর্ডিনেটর | ০১৭৪০-৮৭৮৯৭<br>kmmhasan@gmail.com |
| ০৪ | মো: মোফাজ্জেল হোসেন | রিভিউয়ার | ০১৭২২ ৮৭৫৫৩৯<br>nsda.mofajjel@gmail.com |